আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৫১ কলকাতা বুধবার, ১৫ জুলাই ২০২৬/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৩০ আষাঢ় ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## উত্তর-মধ্য রেলে ১৮৫৩ অ্যাপ্রেন্টিস

১,৮৫৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে প্রয়াগরাজ, ঝাঁসি, আগ্রা-সহ বিভিন্ন ডিভিশন ও ওয়ার্কশপে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/NCR/Act. Apprentice 01/2026.

আসনসংখ্যার বিবরণ: আগ্রা এজিসি ডিভিশন: ফিটার: ৮০টি। ইলেক্ট্রিশিয়ান: ১১৩টি। ওয়েল্ডার: ১৫টি। মেশিনিস্ট: ৫টি। কার্পেন্টার/উড ওয়ার্ক টেকনিশিয়ান: ৫টি। পেইন্টার: ৫টি। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৮টি। প্লাম্বার: ৫টি। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি। স্টেনোগ্রাফার (ইংলিশ): ৪টি। ওয়্যারম্যান: ১৩টি। মেকানিক-কাম-অপারেটর ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন: ১৫টি। হেল্থ স্যানিটারি ইনস্পেক্টর: ৬টি। মাল্টিমিডিয়া অ্যান্ড ওয়েবপেজ ডিজাইনার: ৫টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১২টি।

ঝাঁসি ডিভিশন: ফিটার: ২৪০টি। ইলেক্ট্রিশিয়ান: ১২৯টি। মেকানিক (ডিএসএল): ৬০টি। পেইন্টার: ৪টি। কার্পেন্টার/উড ওয়ার্ক টেকনিশিয়ান: ৭টি। ওয়েল্ডার: ১৪টি। টার্নার: ৩টি। মেশিনিস্ট: ৪টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫৩টি।

প্রয়াগরাজ ডিভিশন: ফিটার: ৩৮৫টি। ওয়েল্ডার: ২০টি। কার্পেন্টার/উড ওয়ার্ক টেকনিশিয়ান: ৭টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২৬টি। স্টেনোগ্রাফার (হিন্দি): ৩টি। স্টেনোগ্রাফার (ইংলিশ): ৩টি। মেশিনিস্ট: ৫৪টি। ইলেক্ট্রিশিয়ান: ১৪০টি। টার্নার: ১৫টি। ওয়্যারম্যান: ৫০টি।

হেড কোয়ার্টার এনসিআর প্রয়াগরাজ: স্টেনোগ্রাফার (ইংলিশ): ৭টি। স্টেনোগ্রাফার (হিন্দি): ৭টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১২টি। মাল্টিমিডিয়া অ্যান্ড ওয়েব পেজ ডিজাইনার: ৪টি। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ২টি।

এরপর পাঁচের পাতায়

## সেনাবাহিনীতে ৩৭৯ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

৩৭৯ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেবে ভারতীয় সেনাবাহিনী। ৬৮তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) মেন অ্যান্ড উইমেন কোর্সে ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায়। ট্রেনিং শুরু হবে ২০২৭ সালের এপ্রিলে। কেবল অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন। যুদ্ধক্ষেত্রে মৃত সেনাকর্মীদের স্ত্রীরাও আবেদনের যোগ্য।

মোট শূন্যপদ ৩৭৯টি (পুরুষ ৩৫০টি, মহিলা ২৯টি)।

শাখা অনুসারে শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা: সিভিল: পুরুষ ৭৫টি, মহিলা ৭টি।

শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল— সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল এনভায়রনমেন্টাল

এরপর দুয়ের পাতায়

## নিউক্লিয়ার পাওয়ারে ২৫৫ স্টাইপেন্ডারি ট্রেনি

ট্রেনিং দিয়ে ২৫৫ জন তরুণ-তরুণীকে নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। আইটিআইয়ের বিভিন্ন ট্রেডে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে কুড়ানকুলাম নিউক্লিয়ার পাওয়ার প্রোজেক্টে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে

এরপর পাঁচের পাতায়

## প্রতিরক্ষা দপ্তরে ১১৮০

জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র ম্যানেজার ও ডেপুটি ম্যানেজার পদে ১,১৮০ জনকে নেবে আর্মার্ড ভেহিক্যলস নিগম। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে তামিলনাড়ুর হেভি ভেহিক্যলস ফ্যাক্টরি, ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার, ইঞ্জিন ফ্যাক্টরি, মধ্যপ্রদেশের ভেহিক্যল ফ্যাক্টরি, তেলঙ্গানার অর্ডন্যান্স ফ্যাক্টরি, ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার, মহারাষ্ট্রের মেশিন টুল প্রোটোটাইপ ফ্যাক্টরি, এভিএনএল ইনস্টিটিউট অব লার্নিং এবং নয়াদিল্লি ও পুনের অফিসে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ৩ বছর বৃদ্ধি পেতে পারে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AVNL/CO/HR/2026/06.

শূন্যপদের বিবরণ: জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান): ৮৪টি। জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রনিক মেকানিক): ৬৯টি। জুনিয়র টেকনিশিয়ান (ফিটার জেনারেল): ৪০০টি। জুনিয়র টেকনিশিয়ান (ফাউন্ড্রিম্যান): ৩১টি। জুনিয়র টেকনিশিয়ান (মেশিনিস্ট): ২১৬টি। জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স): ২৩টি। জুনিয়র টেকনিশিয়ান (ওএমএইচই, র মেটিরিয়াল হ্যান্ডলিং প্ল্যান্ট): ৬৬টি। জুনিয়র টেকনিশিয়ান (পেইন্টার জেনারেল): ১০টি। জুনিয়র টেকনিশিয়ান (কোয়ালিটি অ্যাশিওরেন্স অ্যাসিস্ট্যান্ট): ৪৪টি। জুনিয়র টেকনিশিয়ান (ওয়েল্ডার): ৫৫টি।

এরপর দশের পাতায়

## কটন কর্পোরেশন অব ইন্ডিয়ায় ১৪৬ চাকরি

ম্যানেজমেন্ট ট্রেনি, জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ ও জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ১৪৬ জনকে নেবে কটন কর্পোরেশন অব ইন্ডিয়া। ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DR/CCI/2026.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ১০৩: ম্যানেজমেন্ট ট্রেনি (মার্কেটিং): ৮টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: এগ্রি-বিজনেস ম্যানেজমেন্ট বা এগ্রিকালচার ম্যানেজমেন্ট সম্পর্কিত বিষয়ে এমবিএ।

পোস্ট কোড ১০৪: ম্যানেজমেন্ট ট্রেনি (অ্যাকাউন্টস): ৮টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: সিএ বা সিএমএ পাশ।

এরপর পাঁচের পাতায়

## ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে ৭৫০ অ্যাপ্রেন্টিস

৭৫০ জন স্নাতক তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRDD/APPR/01/2026-27

প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে বাংলা-সহ হিন্দিভাষী রাজ্যগুলির জন্য নির্দিষ্ট ২৭৫টি আসনের বিষয়ে জানানো হল।

রাজ্য অনুসারে আসনসংখ্যার বিন্যাস: পশ্চিমবঙ্গ (বাংলা): মোট আসন ৩৫টি। বিহার (হিন্দি): মোট আসন ৩৫টি। চণ্ডীগড় (হিন্দি): মোট আসন ৪টি। ছত্তিসগড় (হিন্দি): মোট আসন ১০টি। দিল্লি (হিন্দি): মোট আসন ৫৩টি। ঝাড়খণ্ড (হিন্দি): মোট আসন ৮টি। মধ্যপ্রদেশ (হিন্দি): মোট আসন

এরপর পাঁচের পাতায়

## আইসিআইসিআই ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার

**শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট**

দেশ জুড়ে বিভিন্ন কার্যালয়ে প্রবেশনারি অফিসার নেবে আইসিআইসিআই ব্যাঙ্ক। যে-কোনও শাখার ফ্রেশার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। অভিজ্ঞতা থাকলে তা ২ বছরের বেশি হলে চলবে না। প্রথমে ২ মাসের আবাসিক ট্রেনিং। প্রশিক্ষণের খরচ বহন করবে ব্যাঙ্ক।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট, ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারেন। মাধ্যমিক ও ব্যাচেলর্স ডিগ্রিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের নীচে।

ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে, ২ মাসের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষিতদের রিলেশনশিপ ম্যানেজমেন্ট (সেলস) বিভাগে নিয়োগ করা হবে দেশের বিভিন্ন অঞ্চলে।

এরপর দুয়ের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

## রাজ্য জুড়ে কয়েক হাজার আসনে ডি এল এড কোর্সে ভর্তি

**অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ জুলাই**

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের অনুমোদনপ্রাপ্ত এবং এন সি টি ই কর্তৃক স্বীকৃত রাজ্যের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) কোর্সে ভর্তির আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। উল্লেখ্য, রাজ্যের সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে প্রাথমিক ও উচ্চপ্রাথমিকে শিক্ষকতার ক্ষেত্রে এই প্রশিক্ষণ থাকা বাধ্যতামূলক। ডি এল এড কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে।

আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

প্রার্থী যে-মাধ্যমে প্রশিক্ষণ নিতে চান সেই ভাষাটি উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি পড়ে থাকা বাধ্যতামূলক।

বয়স: ১-৭-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbbpe.wb.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন

এরপর নয়ের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

কলকাতার অফিসে Aditya Group-এ Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary + Medical + PF. Ph: 90642-69437.

□

Need Female as accounts executive (M.Com/ CS) Email: gassin.cv@gmail.com Phone: 93310-48838.

□

Looking for an Accountant having M.Com with proper knowledge in advance excel for a printing & packaging unit in Ultadanga. (M) 98300-08140.

□

Staff Required Freshers & experienced candidates can apply Basic Computer Knowledge needed Call : + 91 98317-37810 / 80138-70305.

□

Manager post in Reputed MNC for Retd/ VRS/ Housewife/ Businessman/ Freshers 25-70, HS+. Fixed Salary 10-60K + PF + Bonus + Medi. 98362-73358.

□

Reqd Accounts officer for CA firm near Minto Park for audit/ income tax filing. Contact : 93310-24312.

□

### কর্মখালি

Wanted Mktg. Exec. to collect advertisement only from District/ Subrubs for renown Medical Directory (W), 90515-11449 (M) 98302-79309, Kol-29.

□

কলকাতা (যাদবপুর) নিবাসী সম্ভ্রান্ত ছোট পরিবারে যাবতীয় কাজের জন্য সৎ, ভদ্র, কর্মঠ ও পিছুটানহীন মহিলা (বয়স: ৩০-৪৫) চাই। আকর্ষণীয় বেতন ও খাওয়ার ব্যবস্থা। M: 98300-09694.

□

কলকাতা (যাদবপুর) নিবাসী সম্ভ্রান্ত ছোট পরিবারে সুস্বাদু এবং রকমারি রান্নায় পারদর্শী একজন অভিজ্ঞ মহিলা চাই। আকর্ষণীয় বেতন। Call : 98300-09694.

□

Genesis Group calls Fresh/ Junior with Good Academic Records & Excel knowledge (preferably Tally also) Reqd. 1 expd. senior accountant too. Mail: hr@genesiskolkata.in

□

কোরিয়ান-চাইনিজ ও কন্টিনেন্টাল রান্নার জন্য দক্ষ/অভিজ্ঞ শেফ/কুক/হেল্পার চাই ক্যাফের জন্য দমদম ও কলকাতা এলাকায়। 79809-76330/ 80175-12385

□

হাওড়ায় ইঞ্জিনিয়ারিং কারখানায় অভিজ্ঞ ITI ফিটার, টার্নার ও স্প্রে পেইন্টার প্রয়োজন। বয়স: 35। যোগাযোগ: 033-2230-0366 t_chen@uniquecouplings.com

□

### কর্মখালি

অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে পুনর্নিয়োগ, Kol স্বনামধন্য Co.তে অফিস জবে Govt/ Pvt Retd/ VRS-দের জন্য। 45-70, HS+. Salary + PF + Bonus. অমল-98316-74368.

□

অবসরপ্রাপ্ত Bank/ গভঃ/ Pvt/ PSU/ রেল/গৃহবধূ/কর্মপ্রার্থীদের (25-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে MNGR পদে নিয়োগ। Salary + PF + বোনাস 98362-43289.

□

Urgent Hiring! GSCE, a renowned educational institution in Eastern India, is looking for the following positions across various centres:- 1) Centre Incharge, 2) Marketing Executive, 3) Academic Counsellor, 4) Telecaller. Experienced can-didates are preferred. Send your CV : sealdah@gsceindia.org Contact : 98302-77200.

□

অবসরপ্রাপ্ত (40-70, স্নাতক) Govt/ Pvt/ Bank/ Rly etc দের জন্য Mngr. পদে প্রচুর আয় Big Ind. Co in Kol. ভরসা ও বিশ্বাস নিয়ে আসুন। সারথি-90075-10903.

□

Required Teachers S.B. Academy of Modern Education CBSE Aff no. 2430436 Murarai, Birbhum, W.B-731219, PGT Psychology, English, Physical Education, Computer. Send CV : 96477-25999/ sbameducation@gmail.com

□

### কর্মখালি

অবসত্তোর জীবনে 60-75 Top MNC তে উচ্চ আয় Retd Govt/ Bank Rly/ Army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমন দ্রুতপদোন্নতি Bonus P.S Bose: 62912-11862.

□

AAA Rating প্রাপ্ত কর্পোরেট Co. তে Sr. Post এ সেন্ট্রাল/স্টেট Govt Retd দের নিয়োগ চলছে। No Sales/ Target. Fixed Income 60-70K + Other. 91237-50183.

□

Part Time বাড়ি বসে কাজ করুন/প্রতি সপ্তাহে আয়ের সুযোগ/হাতে লেখা বা প্রোজেক্ট লেখা/Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি বা স্মার্ট ফোনে টাইপ E Book 85858-19609.

□

ওয়াটার পিউরিফায়ার এবং চিমনি ফ্যাক্টরিতে লোডিং আনলোডিং ও প্যাকিং-এর জন্য লোক (18-35 yrs.) চাই। Fixed salary. 90888-81818 বেলঘরিয়া।

□

30 Years Exp Horticulturist Seeks Job for Development and Maintenance of Landscape Garden, Organic Farming, Nursery, Beatification. 89811-50779.

□

ICSE & ISC Affiliated School requires expd PGT Comm, History, Math, Phy Edu, Psychology & Office staff, Receptionist. Send CV- jmicv2022@gmail.com. Hooghly Dist preferable.

□

### কর্মখালি

Need Picker/ Packer for Howrah Warehouse. Age : 18-30 years. Salary: 12,000/ month. Whats App : 98310-73975.

□

Reputed Co. needs Retd/ VRS/ গৃহবধূ for MNGR. 26-73yr, HS+ Salary upto 60K + PF Mediclaim + TA. No Target. 2hr/ 3day অফিস জব। 98361-62116.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৮ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

বিবেকানন্দ মঠ, ব্যারাকপুর, উঃ ২৪ পঃ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের আবাসিক হোস্টেলে থেকে কাজ করার জন্য Govt. Nursing Pass করা নার্স চাই। Retired Nurse হলেও চলবে। আবেদন করার ঠিকানা: E-mail: rkvmsecretary@gmail.com, কর্মসচিব, বিবেকানন্দ মঠ, ৭ নং রিভারসাইড রোড, ব্যারাকপুর, কোলকাতা-১২০

□

Reqd. Site Engineer for Joka. Candidate should be experienced in Supervising piling, superstructure, electrical and plumbing works. Contact 10am-5pm M: 90626-66605.

□

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# সেনাবাহিনীতে ৩৭৯ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং, সিভিল টেকনোলজি, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন টেকনোলজি, বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি।

**কম্পিউটার সায়েন্স:** পুরুষ ৬০টি, মহিলা ৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল— কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, থ্রি-ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্কস), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ন্যানো টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সাইবার সিকিউরিটি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইন্টারনেট অব থিংস অ্যান্ড সাইবার সিকিউরিটি ইনক্লুডিং ব্লক চেইন টেকনোলজি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইন্টারনেট অব থিংস), আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং, ডেটা সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ডেটা সায়েন্স), ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, জিও ইনফমেটিক্স।

**ইলেক্ট্রিক্যাল:** পুরুষ ৩৩টি, মহিলা ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং।

**ইলেক্ট্রনিক্স:** পুরুষ ৬৪টি, মহিলা ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল— কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভস), অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিনিশিয়ান ইলেক্ট্রনিক রেডিয়ো), অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ডিজিটাল টেকনিকস ফর ডিজাইন অ্যান্ড প্ল্যানিং, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেমস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ডিজাইন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স টেকনোলজি, রেডিয়ো ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিমেটিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং, অপ্টো ইলেক্ট্রনিক্স, অপ্টিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স, ফাইবার অপটিক্স, স্যাটেলাইট কমিউনিকেশন।

**মেকানিক্যাল:** পুরুষ ১০১টি, মহিলা ৯টি।

**শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল— মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্সড মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অটোমোটিভ টেকনোলজি, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং প্রোসেস অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, ওয়ার্কশপ টেকনোলজি, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং।

**বিবিধ ইঞ্জিনিয়ারিং শাখা:** পুরুষ ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল— প্লাস্টিক টেকনোলজি, রিমোট সেন্সিং, ব্যালিস্টিকস ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভস ইঞ্জিনিয়ারিং, লেজার টেকনোলজি, বায়োটেকনোলজি, রাবার টেকনোলজি, কেমিক্যাল টেকনোলজি, ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং, মাইনিং, নিউক্লিয়ার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং।

**বয়স:** ১-৪-২০২৭ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৪-২০০০ থেকে ৩১-৩-২০০৭-এর মধ্যে। যুদ্ধক্ষেত্রে মৃত সেনাকর্মীদের স্ত্রীরা বয়সে ৮ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে সার্ভিস সিলেকশন বোর্ড পরিচালিত দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। প্রথম দফার পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের জন্য ডাক পাওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সব মিলিয়ে পাঁচ দিনের পরীক্ষা। সিলেকশন সেন্টারগুলি হল: প্রয়াগরাজ, ভোপাল, বেঙ্গালুরু ও জলন্ধর।

৪৬ সপ্তাহের ট্রেনিং হবে গয়ার অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শুরু হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ থাকে।

**বেতন:** ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ে সফল হলে নিয়োগ। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। এ ছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ৬ অগস্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ৭ অগস্ট পর্যন্ত। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের ২ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এর মধ্যে একটি কপি ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন। অন্য কপিটি নিজের কাছে রেখে দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আইসিআইসিআই ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

প্রশিক্ষণের সময় মাসে ১৮,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ শেষে নিয়োগের অঞ্চল অনুসারে বার্ষিক বেতন ৫ লক্ষ থেকে সাড়ে ৫ লক্ষ টাকা।

অনলাইন আবেদনে উল্লেখ করা তথ্যের ভিত্তিতে মনোনীত প্রার্থীদের অনলাইন অ্যাপ্টিটিউড টেস্ট দিতে হবে, সফলদের পার্সোন্যাল ইন্টারভিউয়ে ডাকা হবে। আগ্রহীরা যত দ্রুত সম্ভব আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.icicicareers.com/CareerApplicant/Career/job-details/2547189 প্রয়োজনীয় তথ্য পাবেন এখানেই।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# ফলের সুরক্ষায় ফ্রুট ব্যাগিং



**ফলকে পোকামাকড় ও রোগের হাত থেকে বাঁচাতে সাবধানতামূলক ব্যবস্থা হিসেবে ফ্রুট ব্যাগিং প্রযুক্তি অত্যন্ত কার্যকরী। ফ্রুট ব্যাগিংয়ের ফলে ফল হয় দাগছোপহীন, আকারে সামঞ্জস্য থাকে। এই ফলের চাহিদাও বাজারে বেশি। কাজেই একটু বেশি পরিশ্রম ও খরচ হলেও ফ্রুট ব্যাগিং বাণিজ্যিক চাষের পক্ষে অত্যন্ত লাভজনক। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

উন্নত গুণমানের ফল উৎপাদনের জন্য বাগানে ফলগাছের নিয়মিত যত্ন, পরিচর্যা এবং পর্যবেক্ষণ প্রয়োজন। ফল চাষে গ্রহণযোগ্য নানান সাবধানতামূলক ব্যবস্থার মধ্যে ফ্রুট ব্যাগিং বা ফলের মোড়ক এক অত্যন্ত কার্যকরী প্রযুক্তি হিসেবে ফলচাষিদের মধ্যে দ্রুত জনপ্রিয়তা অর্জন করেছে। বাণিজ্যিক চাষের ক্ষেত্রে ফ্রুট ব্যাগিং, উন্নত মানের ফল উৎপাদনের রক্ষাকবচ। ফ্রুট ব্যাগিংয়ের পদ্ধতি সহজ ও সরল, তবে একই সঙ্গে তা শ্রমসাধ্য এবং খরচসাপেক্ষ।

## কোন ফল চাষে ব্যবহার

বাণিজ্যিক ভাবে উন্নত গুণমানের আম, পেয়ারা, লিচু, কমলালেবু, সবুজ আপেল, মুসম্বি, বেদানা প্রভৃতি ফল উৎপন্ন করতে গেলে পশ্চিমবঙ্গের ফলচাষিদের এই প্রযুক্তি অবশ্য প্রয়োগ করা দরকার।

রাজ্যের বেশ কিছু এলাকায় পেয়ারা-চাষিরা ইতিমধ্যেই এই প্রযুক্তি গ্রহণ করেছেন। পশ্চিমবঙ্গ সরকারের উদ্যান পালন দপ্তর, কৃষি-বিশ্ববিদ্যালয়, কৃষিবিজ্ঞান কেন্দ্র, রাষ্ট্রীয় উদ্যান পালন গবেষণাকেন্দ্র প্রভৃতি প্রতিষ্ঠানগুলি এই প্রযুক্তি-সংক্রান্ত প্রশিক্ষণ দিচ্ছে।

## ফ্রুট ব্যাগিংয়ের সুবিধা

ফ্রুট ব্যাগিং অর্থাৎ ফল মোড়কজাত করার সুবিধাগুলি হল—

✓এই প্রযুক্তি প্রয়োগ করলে উৎপাদিত ফলগুলিকে বৃষ্টিপাত, তুষারপাত, প্রখর সূর্যালোক এবং উষ্ণ বাতাস প্রবাহজনিত ক্ষতির হাত থেকে রক্ষা করা যায়। ফল পচা, ফলের উপরিভাগ তাপে পুড়ে যাওয়া এবং ফল ফেটে যাওয়ার মতো ক্ষতি এড়ানো সম্ভব।

✓এই প্রযুক্তির জন্য ফল সামঞ্জস্যপূর্ণ ভাবে পরিপক্ক হওয়ায় ফলের স্বাদ, গন্ধ এবং শাঁসের গঠন উন্নত হয়। ফল তোলার কাজ সহজ হয় এবং ফলের অপচয়ও কমে।

✓ফলের বৃদ্ধি ও পরিস্ফুরণ সামঞ্জস্যপূর্ণ হওয়ায় সব ফলের গঠন একই রকম হয়। বাজারে এমন ফলের চাহিদা বেশি। ফলে কৃষকেরা উৎপাদিত ফলের ভালো দাম পেয়ে থাকেন।

✓ফ্রুট ব্যাগিং প্রযুক্তি গ্রহণের ফলে রাসায়নিক কীটনাশকের প্রয়োজনীয়তা ও নির্ভরতাও বহুলাংশে কমে যায়। উৎপাদিত ফল হয় বিষমুক্ত এবং স্বাস্থ্যকর। জৈব ফল চাষে এই প্রযুক্তি অত্যন্ত কার্যকরী।

✓ফলের গুণমান উন্নত করা ছাড়াও এই প্রযুক্তি উৎপাদিত ফলের জীবনকাল অর্থাৎ শেল্ফ লাইফ অনেকটা বৃদ্ধি করে এবং বাগান থেকে ফল পাড়ার পর দীর্ঘ সময় ফলকে সংরক্ষণ করা সম্ভব হয়। ফলকে বাজারজাত করার জন্য এই সময় একান্ত আবশ্যক।

✓এই প্রযুক্তি গ্রহণের অন্যতম প্রধান লাভ, রোগ ও পোকার আক্রমণ থেকে বাড়ন্ত ফলকে রক্ষা করা যায়। ফলের মাছি কডলিং মথের আক্রমণ, স্টেম-এন্ড রট ও অ্যানথ্রাকনোজের মতো রোগ প্রতিরোধ করা যায়। পাখিদের থেকে ফলকে রক্ষা করার জন্যও এই প্রযুক্তি খুবই কার্যকরী।



## ব্যাগ বা ফল-মোড়কের ব্যবহার

ফ্রুট ব্যাগিংয়ের জন্য কাগজ, প্লাস্টিক, কাপড় ও বাদামি কাগজের তৈরি ব্যাগ এবং জালিকাকার ব্যাগও ব্যবহার করা যেতে পারে। ব্যাগ নির্বাচনের আগে এর জলধারণ ক্ষমতা, বাতাস প্রবাহ ও সূর্যালোক প্রবেশের ক্ষমতা অবশ্যই যাচাই করে নিতে হবে। পেয়ারার ক্ষেত্রে যেমন, ফ্রুট ব্যাগিং করার জন্য ৪৫ জিএসএম-এর সাদা কাগজের ব্যাগের ব্যবহার স্বীকৃত।

## ফ্রুট ব্যাগিংয়ের সময়

পেয়ারার ক্ষেত্রে ফল তোলার ৬-৮ সপ্তাহ আগে এবং আমের বেলায় ফল তোলার ঠিক ৩০ দিন আগে বাদামি কাগজের তৈরি ব্যাগ ব্যবহার করলে ফলের মাছির উপদ্রব কমানো যাবে।

আমের ক্ষেত্রে অ্যানথ্রাকনোজ এবং স্টেম-এন্ড রটের মতো ক্ষতিকারক রোগ প্রতিরোধ করতে ফল তোলার ৬০ দিন আগেই বাদামি কাগজের তৈরি ব্যাগ ব্যবহার করতে হবে।

## বাজারে চাহিদা

ফলের ক্রেতারা অক্ষত, দাগবিহীন, সমভাবে পাকা, রোগ ও পোকা-র আক্রমণবিহীন, স্বাদ, বর্ণ ও গন্ধে আকর্ষণীয় ফল বেশি পছন্দ করেন। এমন ফলের কদর ও চাহিদা বেশি হওয়ার জন্য দামও তুলনামূলক ভাবে অনেক বেশি। একটু বেশি পরিশ্রম ও খরচ করে ফলের গুণমান ঠিক রাখতে পারলে বাণিজ্যিক চাষে লাভও অনেক বেশি হবে।


CHANDIGARH UNIVERSITY
Discover. Learn. Empower.
QS UNIVERSITY RANKINGS ASIA 2026
INDIA'S NO. 1 PRIVATE UNIVERSITY for Three Consecutive Years

YOUR AMBITION DESERVES A DREAM CAREER
India's No. 1 Private University
with Top Career Opportunities at the World's Leading Companies



"Chandigarh University empowered me to turn MY PASSION FOR COMPUTER SCIENCE INTO A THRIVING CAREER WITH ATLASSIAN
Jaspreet Singh
BE CSE
Package
₹59.9 Lakh

PLACEMENT HIGHLIGHTS
1300+ Companies Visited for Recruitment
10000+ Placement Offers
₹1.7 CRORE Highest Package (International)
₹59.9 LAKH Highest Package (National)
₹1.3 LAKH Highest Stipend during Internship

TOP RECRUITERS
Google, Microsoft, amazon, Walmart Labs, ATLASSIAN, AMERICAN EXPRESS, Morgan Stanley, Goldman Sachs, JPMORGAN CHASE & CO. & many more...

REGISTER FOR cucet COMMON ENTRANCE TEST
https://cucet.cuchd.in
Chandigarh University Common Entrance Test (CUCET) is a national-level, merit-based scholarship-cum-entrance exam that is mandatory for admission to Engineering, MBA, Pharmacy, MCA, MPT, M.N&D., M.Opto., M.MLS (CB/CM), B.Psy, LLM, and Integrated Law programs at Chandigarh University. CUCET, offering scholarships worth ₹200 crore, also presents a significant opportunity for students across all programs to secure up to a 100% scholarship for their higher education.
SCHOLARSHIPS WORTH ₹200 CRORE

CAMPUS: NH-05, Chandigarh-Ludhiana Highway, Gharuan, Mohali, Punjab
+91 99159-99224, 1800 1212 88800 | Website: www.cuchd.in
KOLKATA ADMISSION OFFICE HELPLINE - 98306 67988
ERGO Tower-A-1/4, Block EP & GP Block, Room No - 1602A, 16th Floor, Saltlake Sector 5



THE BSS SCHOOL
51, GARIAHAT ROAD, KOLKATA - 700019
LADY TEACHERS WANTED
A well-established CISCE-affiliated school in Kolkata invites applications for the following teaching positions:
Pre-Nursery / Nursery: Trained Graduate Teachers Qualification: TTC / D.El.Ed.
Primary Section: Western Music Teacher must be able to play the Synthesizer
Middle & Senior Section: Trained English Teacher Qualification: MA. B.Ed.
Middle School: Trained Biology Teacher with Chemistry combination. Qualification: B.Sc. Hons. With B.Ed.
Send CV with copies of certificates, recent passport-size photo and Contact Details to: Email: info@thebssschool.com or to the SCHOOL OFFICE
Applications must reach the school within 10 DAYS of this advertisement

# কারেন্ট অ্যাফেয়ার্স ১


২৭ জুন-৫ জুলাই

**২৭ জুন** গত বছর ডিজিটাল জালিয়াতির হার অনেকটা কমলেও এই জাতীয় প্রতারণায় ভারতীয়দের আর্থিক ক্ষতির গড় অঙ্ক বিশ্বের অন্যান্য দেশের তুলনায় ৩৬% বেশি ছিল। ট্রান্স ইউনিয়নের এক সাম্প্রতিক রিপোর্টে এই তথ্য উঠে এসেছে। রিপোর্ট অনুযায়ী বিশ্বে গড়ে দৈনিক লোকসানের অঙ্ক ছিল

## সংঘর্ষ বিরতি উপেক্ষা করেই সংঘর্ষ ইরান-আমেরিকার



**২৮ জুন:** পশ্চিম এশিয়ার সংঘর্ষ বিরতি চুক্তি ভার্চুয়াল স্বাক্ষরের মধ্যেই সীমাবদ্ধ থাকল। ইরান ও আমেরিকার মধ্যে আক্রমণ ও প্রতি আক্রমণ অব্যাহত রইল। মার্কিন প্রতিরক্ষা দফতর জানিয়েছে, তারা ইরানের নজরদারি পরিকাঠামো, ড্রোনের ভাণ্ডার, এয়ার ডিফেন্স সাইট-সহ ১০টি জায়গায় বিমান হামলা চালিয়েছে। একই ভাবে ইরাক এবং বাহরিনে আমেরিকার বিভিন্ন প্রতিরক্ষা ঘাঁটিতে ইরান আক্রমণ শানিয়েছে বলে দাবি করেছে। ইজরায়েল-লেবানন সংঘর্ষবিরতি চুক্তির পরেও ইজরায়েল সেনা যেভাবে দক্ষিণ লেবাননে আক্রমণ চালাচ্ছে তা নিয়ে উদ্বেগ জানিয়েছেন লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন। শান্তি চুক্তির রূপায়ণ যাতে সফলভাবে হয় সে ব্যাপারে আমেরিকার কাছে আবেদন করেছেন তিনি।



“ভোটচুরি, লোকসভা-বিধানসভার আসনচুরি, রামমন্দিরের প্রণামী চুরির পরে বিজেপি এবার আঙুলের টিপছাপ চুরি করেছে। মোদী থাকলে সবরকম চুরি ও লুঠ সম্ভব।”

জয়রাম রমেশ, *কংগ্রেস নেতা ও দলের প্রধান মুখপাত্র*

মধ্যপ্রদেশের সিঙ্গরৌলিতে গ্রামসভার সাজানো বৈঠকে জনজাতিভুক্ত ‘মৃত’ মানুষের আঙুলের ছাপ কাজে লাগিয়ে প্রায় ৬ লক্ষ গাছ কেটে আদানি গোষ্ঠীর সঙ্গে যুক্ত সংস্থাকে কয়লা খাদানের অনুমতি দেওয়া হয়েছে বলে অভিযোগ তুলে

## সিজেপি মঞ্চে সোনম, বসলেন অনশনে



**২৮ জুন:** কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে যন্তর-মন্তরে ককরোচ জনতা পার্টির (সিজেপি) অনশন মঞ্চে যোগ দিলেন পরিবেশকর্মী তথা শিক্ষাবিদ সোনম ওয়াংচুক। শিক্ষামন্ত্রীর ইস্তফার দাবিতে গত আট দিন ধরেই লাগাতার দিল্লির যন্তর মন্তরে ধর্না-অবস্থান ও অনশন কর্মসূচি চালিয়ে যাচ্ছিলেন সিজেপি নেতৃত্ব। তাঁদের দাবিকে সমর্থন জানিয়ে সোনম এদিন যোগ দেন সিজেপির মঞ্চে। তিনিও অনশনে যোগ দেওয়ার কথা জানান। তিনি বলেন, ‘গত ৪০ বছর ধরে শিক্ষায় সংস্কারের লক্ষ্যে কাজ করছি। তাই যুব সমাজ যখন শিক্ষাব্যবস্থা সংস্কারের ডাক দিয়ে পথে নেমেছে, তখন আমি নীরব থকতে পারি না।’

## জুলাই-সেপ্টেম্বরে অপরিবর্তিত সুদের হার



**৩০ জুন:** চলতি অর্থবর্ষের (২০২৬- ২৭) দ্বিতীয় ত্রৈমাসিক অর্থাৎ জুলাই-সেপ্টেম্বরে অপরিবর্তিত থাকছে স্বল্প সঞ্চয় প্রকল্পগুলিতে সুদের হার। কেন্দ্রীয় অর্থমন্ত্রক একথা জানিয়েছে। ফলে এই দফাতেও পিপিএফের মতো জনপ্রিয় প্রকল্পে সুদের হার থাকছে এখনকার মতোই ৭.১%। কিষাণ বিকাশ পত্র এবং এনএসসিতে যথাক্রমে ৭.৫% এবং ৭,৭%। ১ থেকে ৫ বছরের মেয়াদি জমা এবং পাঁচ বছরের রেকারিং-এ সুদের হার থাকছে ৬.৯%-৭.৫% এবং ৬.৭%। মাসিক আয় প্রকল্পে মিলবে ৭.৪%। তবে সবচেয়ে বেশি সুদ পাওয়া যাবে সুকন্যা সমৃদ্ধি এবং সিনিয়র সিটিজেন্স সেভিংস স্কিমে। দুটিতেই সুদের হার ৮.২%।

## নাগরিকরা ‘সরকারের দাস’ নন: বিচারপতি মাধব জামদার



**২ জুলাই:** বম্বে হাইকোর্টের বিচারপতি মাধব জামদার একটি মামলার শুনানি চলাকালীন মৌখিক পর্যবেক্ষণে জানালেন, নাগরিকরা ‘সরকারের দাস’ নন, প্রতিবাদ করা নাগরিকের অধিকার। সোশালিস্ট ডেমোক্র্যাটিক পার্টি অব ইন্ডিয়ার সাধারণ সম্পাদক সইদ আহমদ আবদুল ওয়াহিদ চৌধুরির শাস্তির মামলা শুনছিলেন বিচারপতি। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সিদ্ধান্তের বিরুদ্ধে সক্রিয় ভাবে মিছিল ও ধর্নার আয়োজন করে আসছিলেন সইদ। তাঁর বিরুদ্ধে হওয়া এফআইআরের ভিত্তিতে মুম্বই পুলিশ তাঁকে এক বছরের জন্য এলাকাছাড়া হয়ে থাকার নির্দেশ দেয়। এই প্রসঙ্গেই মামলার নথি পর্যালোচনা করে বিচারপতি জামদার ওই মন্তব্য করেন।

১,৬৭১ ডলার (ভারতীয় টাকায় ১.৫৮ লক্ষ টাকা), সেখানে ভারতীয়দের ক্ষেত্রে তা ছিল ২,২৬৫ ডলার (প্রায় ২.১৫ লক্ষ টাকা)। সমীক্ষা বলছে, গতবছরে ভারতে ডিজিটাল লেনদেনের ৭.১% জালিয়াতি সন্দেহে চিহ্নিত করা হয়েছে। আশার কথা এই যে তা ২০২৪ সালের ১৩.৭ শতাংশের প্রায় অর্ধেক।

**পশ্চিম আফ্রিকার বুরকিনা ফাসো** এবং ফ্রান্সের মধ্যে সম্পর্কের গুরুতর অবনতি ঘটল। ফ্রান্সের সঙ্গে সব কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার কথা জানিয়েছে বুরকিনা ফাসোর সামরিক সরকার। সে দেশের সরকার বলেছে ‘ফ্রান্সের নব্য-ঔপনিবেশিক উচ্চাকাঙ্ক্ষা রয়েছে। তারা সন্ত্রাসবাদীদের সমর্থনও করছে।’ ফ্রান্স এই সিদ্ধান্ত দুর্ভাগ্যজনক বলেছে। উল্লেখ্য, বুরকিনা ফাসো একসময় ফ্রান্সেরই উপনিবেশ ছিল। প্রায় ২ কোটি ৩০ লক্ষ জনসংখ্যার পশ্চিম আফ্রিকার এই দেশ বহু বছর ধরেই আল কায়দা ও ইসলামিক স্টেটের (আই এস) সঙ্গে যুক্ত বিভিন্ন জঙ্গি-গোষ্ঠীদের হামলায় বিপর্যস্ত। সরকারি বাহিনীর বিরুদ্ধেও অবশ্য বিচার-বহির্ভূত হত্যাকাণ্ডের অভিযোগ রয়েছে।

**কেন্দ্রীয় প্রকল্প ‘পিএম সেতুর’** আওতায় পশ্চিমবঙ্গের ৫১টি আইটিআই অন্তর্ভুক্ত হয়েছে বলে জানালেন উচ্চশিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়। কলকাতার এক বণিক সভায় তিনি জানান, এই প্রকল্পে দেশ জুড়ে ১,০০০টি আইটিআই যুক্ত হয়েছে। তার মধ্যে রয়েছে রাজ্যের ৫১টি। কর্পোরেট সংস্থাগুলির আবেদনের ভিত্তিতে তাদের হাতে এগুলির দায়িত্ব তুলে দেওয়া হবে। মন্ত্রীর বক্তব্য, এর ফলে সেখানে প্রশিক্ষণপ্রাপ্তরা সহজে কর্মক্ষেত্রে প্রবেশ করতে পারবেন। বিরোধীদের একাংশের দাবি, বেসরকারি হাতে যাওয়ায় পড়াশোনার খরচ বাড়লে গরিব ও মধ্যবিত্ত বাড়ির পড়ুয়ারা বঞ্চিত হবেন। উচ্চ শিক্ষামন্ত্রীর অবশ্য দাবি, এই গাঁটছড়ায় পঠনপাঠনের খরচে হেরফের হবে না।

**২৯ জুন** বিজেপি সরকারের আমলে রাজ্যের প্রথম বিধানসভা অধিবেশনে ওবিসি সংরক্ষণ এবং অনগ্রসর শ্রেণি কমিশন সংক্রান্ত জোড়া সংশোধনী বিল পাশ হল। বিল দু'টি হল, ‘দ্য ওয়েস্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাসেস (আদার দ্যান এসসি অ্যান্ড এসটি) (রিজার্ভেশন অব ভ্যাকেন্সিস ইন সার্ভিসেস অ্যান্ড পোস্টস) (অ্যামেন্ডমেন্ট)’ এবং ‘দ্য ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস (অ্যামেন্ডমেন্ট)’। প্রথম বিলটি পাশ হওয়ার ফলে গরমিল থাকা ওবিসি তালিকার ১১৩টি জনগোষ্ঠী বাদ গেল। থাকল আগের ৬৬টি জনগোষ্ঠী। সরকার জানিয়েছে, নতুন করে ওবিসি শংসাপত্র পেতে হলে নির্দিষ্ট বয়ানে আবেদনের পরে তার ভিত্তিতে সরকারকে প্রস্তাব দেবে সংশ্লিষ্ট কমিশন। ওবিসির আওতায় কোন শ্রেণিতে (‘এ’ এবং ‘বি’) কত শতাংশ সংরক্ষণ থাকবে, সংশোধনীর ফলে কমিশনের সুপারিশের ভিত্তিতে তা ঠিক করবে সরকার।

**বাংলাকে ‘গুন্ডা মুক্ত’ করার বার্তা** দিয়ে বিধানসভায় গুন্ডাদমন এবং জনশৃঙ্খলা রক্ষা সংক্রান্ত জোড়া বিল পাশ করাল রাজ্য সরকার। অসামাজিক কার্যকলাপ প্রতিরোধে ‘দ্য ওয়েস্ট বেঙ্গল পাবলিক সেফটি অ্যান্ড কন্ট্রোল অব অ্যান্টিসোশ্যাল অ্যাক্টিভিটিজ বিল, ২০২৬’ এদিন রাজ্য বিধানসভায় পেশ ও পাশ হয়েছে। একইসঙ্গে পুরনো আইন সংশোধন করে আনা হয়েছে ‘দ্য ওয়েস্ট বেঙ্গল মেনটেনেন্স অব পাবলিক অর্ডার (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২৬’। গুন্ডামি রুখতে কড়া আইনে এবার পুলিশ-প্রশাসনের বাড়তি ক্ষমতার পাশাপাশি সম্পত্তি বাজেয়াপ্ত করার সংস্থানও কঠোরভাবে প্রয়োগ করার কথা বলা হয়েছে। সেই সূত্রেই বিরোধী বিধায়কেরা এই আইনের অপপ্রয়োগের আশঙ্কা করে সরব হয়েছেন।


**পশ্চিমবঙ্গে অভিন্ন দেওয়ানি বিধি** (ইউসিসি) চালু করার লক্ষ্যে আনুষ্ঠানিক ভাবে পদক্ষেপ করল রাজ্য সরকার। দেওয়ানি বিধি প্রণয়নের জন্য সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি রঞ্জনা দেশাইয়ের নেতৃত্বে একটি কমিটি বা টাস্ক ফোর্স গঠিত হয়েছে। ওই কমিটি চার সপ্তাহের মধ্যে রিপোর্ট দেবে। তারপরে আগামী অগস্টে বিধানসভায় রাজ্য সরকারের এই সংক্রান্ত বিল পেশের লক্ষ্য রয়েছে বলে জানা গিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বক্তব্য, ধর্মের ভিত্তিতে আলাদা আলাদা ব্যক্তিগত আইন চালু থাকার পরিবর্তে গোটা রাজ্যে একটিই আইন কার্যকর করার লক্ষ্য নিয়েই এই বিষয়ে উদ্যোগী হয়েছে সরকার।

**৩০ জুন** বিশ্বকাপের নক আউট পর্বে জার্মানি ও নেদারল্যান্ডসকে হারিয়ে অঘটন ঘটাল প্যারাগুয়ে ও মরক্কো। দু'টি খেলাই অতিরিক্ত সময় পর্যন্ত ১-১ থাকার পরে টাইব্রেকারে নিষ্পত্তি হয়। প্যারাগুয়ে ১-১ (৪-৩) ফলে জার্মানিকে হারায়। মরক্কো ১-১ (৩-২) ফলে নেদারল্যান্ডসকে প্রতিযোগিতা থেকে ছিটকে দেয়। এদিনের অপর ম্যাচে নরওয়ে ২-১ গোলে আইভরি কোস্টকে হারিয়ে শেষ ষোলয় পৌঁছেছে।

**১ জুলাই** অন্নপূর্ণা যোজনায় নতুন উপভোক্তাদের প্রকল্পের অর্থ দেওয়ার কাজের সূচনা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সেই সঙ্গে মহিলাদের সংরক্ষণ নিয়ে সওয়াল করেছেন তিনি। শুভেন্দু বলেন, ‘(মহিলাদের) অধিকার-সুরক্ষা-স্বনির্ভরতাই লক্ষ্য। মহিলাদের হাতে ক্ষমতা না দিলে সমাজ, রাজ্য, দেশ এগোতে পারে না। লোকসভা এবং বিধানসভায় তিনভাগের একভাগ মহিলা সংরক্ষণ হোক।’ তিনি আরও জানান, রাজ্য সরকার ১ লক্ষ নতুন চাকরি দেবে। তার মধ্যে, ৩০ হাজার মহিলাদের জন্য নির্ধারিত থাকবে।

**বিশ্বকাপের নকআউট পর্বে ফ্রান্স,** মেক্সিকো এবং ইংল্যান্ড এদিন শেষ ষোলয় পৌঁছল। ফ্রান্স ৩-০ গোলে হারাল সুইডেনকে। মেক্সিকো ২-০ গোলে হারিয়েছে ইকুয়েডরকে। ইংল্যান্ড ২-১ ফলাফলে ডিআর কঙ্গোকে হারিয়েছে।

## রাজ্যে বাঘ বাড়াতে পদক্ষেপ কেন্দ্রের



**৩০ জুন:** কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রক রাজ্যে বাঘের সংখ্যা আরও বাড়াতে উদ্যোগ নিল। এদিন প্রাণী সর্বেক্ষণ (জেডএসআই)-এর ১১১তম প্রতিষ্ঠা দিবসে কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেন, ‘রাজ্যে রয়্যাল বেঙ্গল টাইগারের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে কাজ হচ্ছে। রাজ্যের সব থেকে অনুকূল স্থান চিহ্নিত করা হচ্ছে।’ বর্তমানে রাজ্যে সুন্দরবন এবং বক্সা এই দু'টি ব্যাঘ্র প্রকল্প আছে। বন দফতর সূত্রে জানা গিয়েছে সুন্দরবনে বাঘের সংখ্যা যথেষ্ট। সেখানে বাইরে থেকে বাঘ ছাড়া সম্ভব নয়। সেদিক থেকে বক্সায় বাইরে থেকে বাঘ এনে ছাড়া যেতে পারে। এদিন জেডএসআইয়ের অনুষ্ঠানে উপস্থিত রাজ্যের বন ও পরিবেশমন্ত্রী মনোজ ওরাঁও বক্সায় বাঘ নিয়ে আসার চেষ্টা হচ্ছে বলে জানিয়েছেন।

## নক আউট পর্ব শুরু বিশ্বকাপে



**২৯ জুন:** বিশ্বকাপ ফুটবলের লিগ পর্বের শেষে রাউন্ড অব ৩২ বা নকআউট পর্ব শুরু হল। লিগ পর্ব থেকে উঠে আসা ৩২টি দলের ১৬টি খেলার প্রথম দিন প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ১-০ হারিয়ে পরবর্তী নকআউট পর্ব বা রাউন্ড অব ১৬-এ উঠল কানাডা। খেলার প্রায় শেষ মুহূর্তে ইউস্টাকিয়োর গোলে জয় আসে কানাডার। এদিনের অপর খেলায় এশিয়ার অন্যতম সেরা শক্তি জাপানকে রুদ্ধশ্বাস ম্যাচে ২-১ হারিয়ে পরবর্তী নকআউট রাউন্ডে উঠেছে ব্রাজিল। প্রথমার্ধে কে সানোর গোলে জাপান এগিয়ে যায়। ৫৬ মিনিটে কাসেমিরো সমতা ফেরান। নির্ধারিত ৯০ মিনিটের পরে অতিরিক্ত সময়ের ৬ মিনিটে মার্তিনেল্লির গোলে জয় পায় ব্রাজিল।

এরপর ছয়ের পাতায়

# উত্তর-মধ্য রেলে ১৮৫৩ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ওয়ার্কশপ ঝাঁসি: **ফিটার:** ১২৩টি। **ওয়েল্ডার:** ৫৯টি। **মেশিনিস্ট:** ২০টি। **ইলেক্ট্রিশিয়ান:** ২৩টি। **স্টেনোগ্রাফার (ইংলিশ):** ১টি।

ট্র্যাক মেশিন লাইন হেড কোয়ার্টার: **ফিটার:** ২১টি। **মেকানিক (ডিএসএল):** ১২টি। **ওয়েল্ডার:** ১২টি। **মেশিনিস্ট:** ৭টি। **ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স:** ১৯টি। **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ১১টি।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রাক্তন সমরকর্মী এবং প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে আইটিআই কোর্স পাশ।

**বয়স:** ৭-৭-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcpryj.org আবেদন করা যাবে ৭ অগস্ট পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জেপিজি ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে), সই (জেপিজি ফর্ম্যাটে ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট এবং তফসিলি, ওবিসি, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৫০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ১ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিট এবং অনলাইন আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের ১ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কটন কর্পোরেশন অব ইন্ডিয়ায় ১৪৬ চাকরি

*প্রথম পাতার পর*

পোস্ট কোড ১০৫: **জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ:** ৫০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী ও ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি ডিগ্রি।

পোস্ট কোড ১০৬: **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস):** ৫০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী ও ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ বি কম পাশ।

পোস্ট কোড ১০৭: **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (জেনারেল):** ৩০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী ও ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

**বয়স:** ৯-৭-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ম্যানেজমেন্ট ট্রেনির ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা, বাকি পদের ক্ষেত্রে ২২,০০০-৯০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cotcorp.org.in আবেদনের শেষ তারিখ ২৪ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

অ্যাপ্লিকেশন ফি ও ইন্টিমেশন চার্জ বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (জিএসটি অতিরিক্ত)। তফসিলি, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কেবল ইন্টিমেশন চার্জ বাবদ ৫০০ টাকা দিতে হবে (জিএসটি অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নেবেন। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপেরও এক কপি প্রিন্ট আউট নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নর্দার্ন কোলফিল্ডসে ২৫৪ মাইনিং সর্দার

মাইনিং সর্দার পদে ২৫৪ জনকে নেবে নর্দার্ন কোলফিল্ডস। এটি কেন্দ্রীয় কয়লা মন্ত্রকের অধীনস্থ সংস্থা। টেকনিক্যাল অ্যান্ড সুপারভাইজরি ক্যাটেগরিতে, গ্রেড 'সি' পদে নিয়োগ করা হবে মধ্যপ্রদেশের সিংগ্রৌলি জেলা এবং উত্তর প্রদেশের শোনভদ্র জেলার বিভিন্ন খনি ও অফিসে। প্রথমে ৬ মাসের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NCL/SING/HR/Direct-Recruitment/2026-27/246.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১০১, তফসিলি জাতি ৫১, তফসিলি উপজাতি ১৩, ওবিসি ৬৪, আর্থিক ভাবে অনগ্রসর ২৫।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডিজিএমএস) কর্তৃক স্বীকৃত বৈধ মাইনিং সর্দারশিপ কম্পিটেন্সি সার্টিফিকেট বা সমতুল সার্টিফিকেট থাকতে হবে। অথবা মাধ্যমিক-সহ মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। সেই সঙ্গে ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডিজিএমএস) কর্তৃক স্বীকৃত বৈধ ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট বা সমতুল সার্টিফিকেট থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট এবং বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ৫-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় দু'টি সেকশন থাকবে। প্রথম সেকশনে থাকবে সংশ্লিষ্ট বিষয়ে ৭০ নম্বরের প্রশ্ন। দ্বিতীয় সেকশনে থাকবে জেনারেল নলেজ, জেনারেল অ্যাওয়্যারনেস, রিজনিং, ভার্বাল অ্যান্ড মেন্টাল এবিলিটি এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে ৩০ নম্বরের প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nclcil.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না। অনলাইনে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ারে ২৫৫ স্টাইপেন্ডারি ট্রেনি

*প্রথম পাতার পর*

টেকনিশিয়ান 'বি' পদে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: NPCIL/KKNPP/HRM/01/2026.

মোট শূন্যপদ ২৫৫টি (সাধারণ ৮৫, তফসিলি জাতি ৫৪, তফসিলি উপজাতি ১৯, ওবিসি ৭৭, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

শূন্যপদের বিবরণ: **ক্যাটেগরি-টু স্টাইপেন্ডারি ট্রেনি টেকনিশিয়ান: প্লান্ট অপারেটর:** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। উচ্চ মাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

**ইলেক্ট্রনিক্স মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, ফিটার, টার্নার, মেশিনিস্ট, ওয়েল্ডার:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বিজ্ঞান বিষয় এবং অঙ্কে ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ। যেসব আইটিআই কোর্সের মেয়াদ ১ বছর, সেগুলির ক্ষেত্রে কোর্স পাশের পর সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

সব ক্ষেত্রেই মাধ্যমিক স্তরে ইংরেজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধীরা বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড ও বেতন:** প্রশিক্ষণের প্রথম বর্ষে প্রতি মাসে ২০,০০০ টাকা, দ্বিতীয় বর্ষে প্রতি মাসে ২২,০০০ টাকা। এ ছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন দেওয়া হবে ৩,০০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে টেকনিশিয়ান 'বি' পদে। তখন মূল বেতন ২১,৭০০ টাকা।

প্রশিক্ষণের জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in আবেদন করা যাবে ১৫ জুলাই থেকে ৪ অগস্ট পর্যন্ত। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.npcil.nic.in

# কোচিন শিপইয়ার্ডে ট্রেনি ভারা-বাঁধা কর্মী

৬০ জন ট্রেনি স্ক্যাফোল্ডার বা ভারা-বাঁধা কর্মী নেবে কোচিন শিপইয়ার্ড। এটি কেন্দ্রের বন্দর, জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ৩ মাসের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে সফল প্রার্থীদের দক্ষতা ও সংস্থার প্রয়োজন অনুসারে চুক্তিতে নিয়োগের সম্ভাবনা আছে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: CSL/P&A/RECTT/CONTRACT/ScaffolderTrainee/2026/7.

**আসনসংখ্যার বিন্যাস:** ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পাশ। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্নরা আবেদন করবেন না।

**বয়স:** ২২-৭-২০২৬ তারিখে ২৩ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**বেতন:** ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড মাসিক ১০,০০০ টাকা। নিয়োগের পর চুক্তির প্রথম বছরে বেতন ২০,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের ফিজিক্যাল টেস্টের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.in প্রথমে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদন করা যাবে ২২ জুলাই পর্যন্ত। আবেদনের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। তফসিলি প্রার্থীদের কোনও ফি দিতে হবে না। আবেদনপত্র সাবমিটের পর ফি রিসিট-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে ৭৫০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

১২টি। **উত্তরাখণ্ড (হিন্দি):** মোট আসন ৮টি। **উত্তর প্রদেশ (হিন্দি):** মোট আসন ১১০টি।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী, বৌদ্ধিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী যে-কোনও একটি রাজ্যের শূন্য আসনে আবেদন করতে পারবেন। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। ১-৩-২০২২-এর আগে অথবা ৩১-৭-২০২৬-এর পরে স্নাতক পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

বয়স: ১-৭-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: প্রতি মাসে সর্বাধিক ১৫,৫০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও লোকাল ল্যাঙ্গুয়েজ টেস্টের মাধ্যমে। অনলাইন পরীক্ষার তারিখ ২ অগস্ট। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (২৫), জেনারেল ইংলিশ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড (২৫), কম্পিউটার অথবা সাবজেক্ট নলেজ (২৫)। মোট সময় দেড় ঘণ্টা। অনলাইন পরীক্ষায় উত্তীর্ণদের লোকাল ল্যাঙ্গুয়েজ টেস্ট নেওয়া হবে। মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে সংশ্লিষ্ট ভাষা পড়ে থাকলে এই পরীক্ষা দিতে হবে না।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.nats.education.gov.in, www.apprenticeshipindia.gov.in এরপর ওয়েবসাইটের এস্টাবলিশমেন্ট সার্চ অপশনে গিয়ে সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য অনলাইন আবেদন করতে হবে। একই সঙ্গে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bfsissc.com অথবা https://beep.bfsissc.com আবেদনের শেষ তারিখ ২০ জুলাই।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৮০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৬০০ টাকা এবং তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। জিএসটি অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iob.bank.in

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

**২ জুলাই** পাকিস্তানের পরে এবার ভারতের পূর্বাঞ্চলের দিকে নজর দিল চিন। চিন-পাকিস্তান অর্থনৈতিক করিডরে কয়েকশো কোটি ডলার বিনিয়োগের পরে বেজিং মায়ানমারের মাধ্যমে চিনকে বাংলাদেশের সঙ্গে যুক্ত করতে একটি অর্থনৈতিক করিডর গড়ে তোলার প্রস্তাব দিয়েছে। খবরে প্রকাশ বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক বেজিং সফরের সময় চিন এই আন্তঃদেশীয় অর্থনৈতিক করিডর তৈরির প্রস্তাব দিয়েছে। বিশেষজ্ঞদের একাংশের মতে এই প্রস্তাব কার্যকর হলে ভারতকে এড়িয়ে মায়ানমারের মাধ্যমে চিনের ইউনান প্রদেশকে বাংলাদেশের সঙ্গে যুক্ত করা যাবে।

**বিশ্বকাপের রাউন্ড অব ৩২ থেকে পরবর্তী পর্বে উঠল বেলজিয়াম ও আমেরিকা।** এদিনের প্রথম ম্যাচে সেনেগালকে ৩-২ গোলে হারিয়ে দিল বেলজিয়াম। অন্যদিকে, বসনিয়া-হারজেগোভিনাকে ২-০ গোলে হারিয়ে দিল আমেরিকা।

**৩ জুলাই** রাজ্য মন্ত্রিসভা ছাড়পত্র দেওয়ার ১২ ঘণ্টার মধ্যেই জমির খতিয়ান এবং তথ্য সংক্রান্ত নাগরিক পরিষেবা বিনামূল্যে দেওয়ার সরকারি আদেশনামা প্রকাশ করল রাজ্য সরকার। দু'দিন আগেই 'রেকর্ড অব রাইটস' (খতিয়ান) এবং 'প্লট ইনফরমেশন' (জমির তথ্য)-এর ডিজিটাল প্রতিলিপি পাওয়ার জন্য সরকারের ধার্য করা ফি মকুবের সিদ্ধান্ত নিয়েছিল রাজ্য সরকার। এদিন ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রধান সচিব সুরেন্দ্র গুপ্ত যে সরকারি বিজ্ঞপ্তি প্রকাশ করেন তাতে বলা হয়, যে-কোনও আবেদনকারী অনলাইনে খতিয়ান অথবা ব্যক্তিগত জমির তথ্য চাইতে পারেন ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন অনুযায়ী। তাতে দফতরের তথ্যভাণ্ডারে ডিজিটাইজড থাকা নথি বিনামূল্যে দেওয়া হবে।

**বিশ্বকাপের নকআউট পর্বের** এদিনের ম্যাচে লুকা মদ্রিচের ক্রোয়েশিয়াকে বিধ্বস্ত করে পরের পর্বে উঠল পর্তুগাল। ২-১ গোলে ক্রোয়েশিয়াকে হারাল তারা। ক্রোয়েশিয়া প্রথমে এগিয়ে গেলেও, ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পেনাল্টি শটে সমতা আসে। ম্যাচের ৯৪ মিনিটে জয়সূচক গোল করেন র‍্যামোস। এদিনের অন্য ম্যাচগুলিতে স্পেন ৩-০ ফলে হারায় অস্ট্রিয়াকে। সুইৎজারল্যান্ড ২-০ গোলে হারায় আলজেরিয়াকে। ইজিপ্ট টাইব্রেকারে ১-১ (৪-২) ফলে হারিয়েছে অস্ট্রেলিয়াকে।

**৪ জুলাই** লস্কর-ই-তইবা এবং জইশ-ই মহম্মদের মতো সংগঠনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ইউএপিএ আইনে নতুন করে ২৩ জনকে সন্ত্রাসবাদী তকমা দিল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। এক বিজ্ঞপ্তি জারি করে মন্ত্রক জানিয়েছে, এই ২৩ জনের মধ্যে ১৭ জন পাকিস্তানের নাগরিক এবং ৬ জন ভারতীয়। প্রত্যেকেই ভারত বিরোধী নাশকতা মূলক কার্যকলাপ পরিচালনা করে পাকিস্তান অধিকৃত কাশ্মীর থেকে। ২০১৯ সালে ইউএপিএ আইন সংশোধনের পর ৫৭ জনকে সন্ত্রাসবাদী তকমা দেওয়া হয়েছিল। এবার সেই সংখ্যা বেড়ে হল ৮০।


**দিল্লির যন্তর মন্তরে পরিবেশকর্মী** সোনম ওয়াংচুকের অনশন সপ্তম দিনে পড়ল। নিটের প্রশ্ন ফাঁসের জেরে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা ও লাদাখ নিয়ে একগুচ্ছ দাবি তুলে 'ককরোচ জনতা পার্টি' (সিজেপি)-র মঞ্চে অনশন কর্মসূচি নিয়েছেন সোনম। সিজেপি-র প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে প্রশ্ন তুলেছেন, প্রধানমন্ত্রীর কাছে ধর্মেন্দ্র এখন কি এতটাই গুরুত্বপূর্ণ যে, ২০ জন পড়ুয়ার মৃত্যুর পরেও তাঁকে সরানো হচ্ছে না? যন্তর মন্তরে প্রতিবাদে শামিল হয়েছেন শিক্ষার্থীরাও। এই আন্দোলন এদিন ১৫ দিনে পড়েছে। আন্দোলনের প্রতি সমর্থন জানিয়েছে সংযুক্ত কিষাণ মোর্চা।

**বিশ্বকাপ ফুটবলে রাউন্ড অব ৩২-এর** শেষদিনে কেপ ভার্দে-কে ৩-২ ফলে হারিয়ে পরের পর্বে উঠল আর্জেন্টিনা। মাত্র ৫ লক্ষ মানুষের দেশ কেপ ভার্দেকে হারাতে যথেষ্ট বেগ পেতে হল গতবারের চ্যাম্পিয়ন আর্জেন্টিনাকে। খেলা গড়ায় অতিরিক্ত সময় পর্যন্ত। এদিনের অপর ম্যাচে কলম্বিয়া ১-০ গোলে ঘানাকে হারিয়ে রাউন্ড অব ১৬-এ পৌঁছেছে। অন্যদিকে, রাউন্ড অব ১৬-এর প্রথম খেলায় কানাডাকে ৩-০ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠল মরক্কো।

**৫ জুলাই** বিকশিত ভারত জি রাম জি প্রকল্প শুরুর পাঁচ দিনের মাথায় ওই প্রকল্পের আওতায় থাকা জব কার্ড হোল্ডারেরা যাতে দ্রুত টাকা পান সেজন্য সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য প্রথম কিস্তিতে ২৫,৮৬৩ কোটি টাকা বরাদ্দ করল কেন্দ্র সরকার। এর মধ্যে পশ্চিমবঙ্গ পেয়েছে ১২৬৪.৪৯ কোটি টাকা। এদিন কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিংহ চৌহান ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রীদের সঙ্গে বৈঠক করে বলেন, পাঁচ দিনের মাথায় প্রকল্পের প্রথম কিস্তির টাকা দেওয়ার লক্ষ্য হল রাজ্যগুলির কাছে পর্যাপ্ত অর্থ নিশ্চিত করা যাতে শ্রমিকদের মজুরি ১৫ দিনের মধ্যে দেওয়া যায়। তিনি রাজ্য সরকারগুলিকেও তাদের নিজস্ব অংশের অর্থ সময় মতো ছেড়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন।

**দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে** এগারো বছরের এক বালিকাকে খুন ও গণধর্ষণের ঘটনা ঘটল। বাড়ি থেকে দেড় কিলোমিটার দূরে পুকুর থেকে তার বস্তাবন্দি দেহ উদ্ধার হওয়ার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। অপরাধীদের গ্রেফতারের দাবিতে দেহ আটকে দীর্ঘক্ষণ পথ অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। সন্দেহভাজন একজনকে পিটিয়ে মারা হয়। শেষে মৃত বালিকার বাবাকে মুখ্যমন্ত্রী ফোন করে আশ্বাস দিলে অবরোধ ওঠে। পুলিশ জানায়, ছয় সদস্যের সিট গড়া হয়েছে। অপহরণ ও খুনের মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে।

## আয়াতোল্লা খামেনেই-এর শেষকৃত্য ইরানে



৪ জুলাই: আমেরিকা-ইজরায়েলের হামলায় ২৮ ফেব্রুয়ারি নিহত ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেইয়ের শেষকৃত্যের আনুষ্ঠানিকতা তেহরানে শুরু হল। সপ্তাহব্যাপী আনুষ্ঠানিকতার পরে ৯ জুলাই দেশের উত্তর-পূর্বের শহর মাশহাদে খামেনেইকে সমাহিত করা হয়েছে। বিশ্বের শতাধিক দেশের প্রতিনিধিরা এই অনুষ্ঠানে যোগ দিয়েছেন। তার মধ্যে রয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ, রাশিয়ার দিমিত্রি মেদভেদেভ এবং আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিনিয়ান। ভারতের পক্ষ থেকে বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা, বিহারের রাজ্যপাল সৈয়দ আতা হাসনাইন, পিডিপি নেত্রী মেহবুবা মুফতি এবং কংগ্রেস নেতা সলমন খুরশিদ উপস্থিত হয়েছেন। তবে নিরাপত্তার ঝুঁকি ও ইজরায়েলি নজরদারির আশঙ্কায় খামেনেইয়ের ছেলে তথা ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনেই তাঁর বাবার শেষকৃত্যে যোগ দেননি।

## এসএসসির চেয়ারম্যান হলেন দুষ্মন্ত নারিয়াল



৪ জুলাই: রাজ্যের স্কুল সার্ভিস কমিশনে সিনিয়র আইপিএস অফিসার তথা প্রাক্তন মুখ্যসচিব দুষ্মন্ত নারিয়ালকে নিয়োগ করল রাজ্য সরকার। ভোটের পরে দুষ্মন্তের জায়গায় মনোজ আগরওয়ালকে মুখ্যসচিব হিসেবে নিয়োগ করেছিল বিজেপি সরকার। দুষ্মন্তকে দেওয়া হয়েছিল দিল্লির মুখ্য রেসিডেন্ট কমিশনার এবং নেতাজি সুভাষ প্রশাসনিক প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্ব। এদিন নিয়োগ নির্দেশিকায় নবান্ন জানিয়েছে, তিনি এবার থেকে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান হিসেবে অতিরিক্ত দায়িত্ব সামলাবেন।

## তৃণমূল থেকে পদত্যাগ চন্দ্রিমা ভট্টাচার্যের



৪ জুলাই: তৃণমূল থেকে পদত্যাগের তালিকায় নাম লেখালেন চন্দ্রিমা ভট্টাচার্যও। নবনির্বাচিত দলের রাজ্য সভাপতি পদ ছাড়াও সব সম্পর্ক ছিন্ন করলেন তিনি। তাঁর ছেলে, কলকাতার প্রাক্তন পুর-প্রতিনিধি সৌরভ বসু বিদ্রোহীদের বৈঠকে যোগ দেওয়ার পর থেকেই চন্দ্রিমার সঙ্গে দূরত্ব বাড়ছিল কালীঘাটপন্থী তৃণমূলের। বিগত সরকারে একাধিক গুরুত্বপূর্ণ দফতর ও সাংগঠনিক কাজের দায়িত্বে ছিলেন তিনি। চন্দ্রিমার পদত্যাগের পরে দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এক ফেসবুক বার্তায় বলেছেন, 'উনি অনেকদিন ধরেই পদত্যাগ করবেন বলছিলেন। কারণ ওঁর ছেলে আগেই (বিপক্ষ শিবিরে) হাত মিলিয়েছে।'

## বিদেশি মুদ্রার ভাণ্ডার কমল ভারতের, দায়ী পশ্চিম এশিয়ার সংঘাত



৩ জুলাই: ভারতের বিদেশি মুদ্রার ভাণ্ডার ২৬ জুন শেষ হওয়া সপ্তাহে এক ধাক্কায় কমেছে ৫৬৫.৪ কোটি ডলার। রিজার্ভ ব্যাঙ্কের দেওয়া তথ্যে জানা গিয়েছে, এই সময়ে তা দাঁড়িয়েছে ৬৬,৬৯৩.৩ কোটি ডলারে। পাশাপাশি ৫৩৯.৩ কোটি কমে দেশের সোনার ভাণ্ডার দাঁড়িয়েছে ১০,২৫৩.৬ কোটি ডলারে। উল্লেখ্য, গত ২৭ ফেব্রুয়ারি শেষ হওয়া সপ্তাহে ভারতের বিদেশি মুদ্রা পৌঁছেছিল রেকর্ড ৭২,৮৪৯.৪ কোটি ডলারে। তারপরই ২৮ ফেব্রুয়ারি থেকে ইরান-আমেরিকা-ইজরায়েল যুদ্ধ শুরু হয়। বাড়ে জ্বালানির দাম। বিশেষজ্ঞদের মতে এর জেরেই বেরিয়ে গিয়েছে বিদেশি মুদ্রা। পড়েছে টাকার দামও।


## প্রয়াত তীজন বাই



৫ জুলাই: পাণ্ডবাণী লোকসংস্কৃতির পথিকৃৎ তীজন বাই (৭০) প্রয়াত হলেন। তাঁর হাত ধরেই ঐতিহ্যবাহী এই লোকসংস্কৃতির ধারা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পরূপে পরিগণিত হয়। শুধু অভিনয় নয়, পাণ্ডবাণীর সংরক্ষণ, বিকাশ এবং বিশ্বমঞ্চে এই লোকসংস্কৃতির ধারাকে পরিচিত করে তুলতে নিরলস কাজ করেছেন তীজন। তাঁর জন্মস্থান, বর্তমানে ছত্তিসগড়ের গনিয়ারী গ্রামে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। তীজন বাইয়ের মৃত্যুতে শোকপ্রকাশ করে বার্তা পাঠিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই। ভারতীয় লোকশিল্পে অসামান্য অবদানের জন্য ১৯৮৮ সালে পদ্মশ্রী, ১৯৯৫ সালে সঙ্গীত নাটক অকাদেমি পুরস্কার, ২০০৩ সালে পদ্মভূষণ এবং ২০১৯-এ পদ্মবিভূষণ সম্মান প্রদান করা হয় তাঁকে।

## ফেডেরারের নজির ছুঁলেন জোকোভিচ





৩ জুলাই: উইম্বলডনে সিঙ্গলসে ১০৫ ম্যাচ জেতার অনন্য নজির স্পর্শ করলেন নোভাক জোকোভিচ। এর ফলে তিনি ছুঁলেন আর এক কিংবদন্তি রজার ফেডেরারকে। এই তালিকায় তাঁর সামনে এখন শুধু আছে প্রাক্তন বিশ্বসেরা মার্টিনা নাভ্রাতিলোভার ১২০ ম্যাচে জয়। এদিন প্রতিযোগিতার সপ্তম বাছাই জোকোভিচের লড়াই ছিল ফ্রান্সের আর্থার রিন্ডারনেশ-এর বিরুদ্ধে। শেষ পর্যন্ত ৭-৫, ৬-৫, ১-৬, ৭-৬ (৪) ফলে জেতেন জোকোভিচ।

## প্যারাগুয়েকে হারিয়ে শেষ আটে ফ্রান্স




৫ জুলাই: বিশ্বকাপে শেষ ষোল বা রাউন্ড অব ১৬-এ প্যারাগুয়েকে ১-০ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠল ফ্রান্স। উত্তেজনাপূর্ণ এই ম্যাচে প্যারাগুয়ের বিরুদ্ধে অখেলোয়াড়চিত ভাবে ফ্রান্সের আক্রমণভাগকে বিশেষ করে কিলিয়ান এমবাপেকে ট্যাকল করার অভিযোগ উঠেছে। বিশ্বের অনেক ক্রীড়া বিশেষজ্ঞই প্যারাগুয়ের এই রণনীতির সমালোচনা করেছেন। তুলনায় উঠে এসেছে ১৯৬৬ সালে ইংল্যান্ড বিশ্বকাপে ব্রাজিলের পেলেকে শুরু থেকেই শারীরিকভাবে আক্রমণ করার প্রসঙ্গও। এদিন পেনাল্টি থেকেই একমাত্র গোলটি করে দেশকে জয় এনে দেন এমবাপেই।


RICE Education - এর ১৬তম সমাবর্তন উৎসব
কেন্দ্র ও রাজ্য সরকারি চাকরিতে সদ্য নিযুক্ত RICE Education - এর সফল ছাত্রছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন ও পুরস্কৃত করার এক অনন্য উৎসব।
স্বীকৃতি ও শপথে রাইস-এর সমাবর্তন। সরকারি চাকরি পাওয়া ১ হাজার ছাত্রছাত্রীকে ৫ হাজার বর্তমান ছাত্রছাত্রীদের উপস্থিতিতে সাদরে বরণ করে নিল রাইস এর ১৬তম সমাবর্তন উৎসব।
16th Samabartan Utsav
2026
রাইস অ্যাডামাস গ্রুপের চেয়ারম্যান এবং অ্যাডামাস ইউনিভার্সিটির মাননীয় চ্যান্সেলর প্রফেসর (ড.) সমিত রায় ১৬তম সমাবর্তন উৎসবে উপস্থিত সকল কৃতী শিক্ষার্থী, অভিভাবক এবং অতিথিবৃন্দের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখলেন।
WBCS-2023 Group A Executive পদে অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ অদ্রিজা দে-কে Maruti Alto K10 উপহার দিয়ে সম্মান ও অভিনন্দন জানানো হয়।
WBCS-2022 Group B পদে অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ ঋতিকা ঘোষ-কে Maruti Alto K10 উপহার দিয়ে সম্মান ও অভিনন্দন জানানো হয়।
ড. সুকান্ত মজুমদার, ভারত সরকারের শিক্ষা মন্ত্রক এবং উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন মন্ত্রকের মাননীয় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী
কৃতীদের সংবর্ধিত করার বিভিন্ন মুহূর্ত
SATWIK HALDER
SSC CGL 2025
Office Superintendent, CBDT
Gocharan, Joynagar, 24 PGS (S)
SOUBHIK DAS
SSC CGL 2025
Hetampur Rajbati, Birbhum
ANGKUSH KUMAR SARKAR
SSC CGL 2025
Office Superintendent in CBDT
Dhubulia, Nadia
ARINDAM BISWAS
SSC CGL 2025
Office Superintendent in CBDT
Berhampore, Murshidabad
PRATIP GUIN
Indian Railway NTPC
Station Master, Operating
Islampur, Murshidabad
SANJIT BAGCHI
IBPS Clerk
Clerk & Bank Of Baroda
Barrachpore, 24 PGS (N)
SWARNALI LAHA
WB Audit & Accounts Service- 2022
Beadon Street, Kolkata
SUKHENDU DAS
SSC CGL 2025
Office Superintendent, CBDT
Sadikpur, Murshidabad
SAAD AHMAD
WBCS 2022 Gr-A, Executive
Titagarh, 24 PGS (N)
Residential under WBMDFC
PRATIM PATRA
IBPS CRP PO/MT XV 2026-27
Bank of Maharashtra
Beside Kamarsala, Medinipur (W)
KOUSHIK DEY
WBCS Gr-D,
Panchayat Development Officer
Radhaballav Pur, Hooghly
SUPRIYA PANDEY
WBCS 2022 Gr-A,
Executive
Shamserganj, Murshidabad
TANIA GHOSH
Senior Section Engineer/E. Rly
Makhla, Hooghly
SOUVICK MONDAL
SSC CGL, Postal Assistant, Department of Posts
Chinsurah, Hooghly
IPSITA SEN
SBI PO
Baranagar, Kolkata
NIRMAL CHAKRABORTY
PSC Clerkship/LDC/LDA
GDA health and family welfare
Mahata, Purba Bardhaman
সাফল্যের জনজোয়ার
LEGACY
Classroom I Residential
IAS I WBCS I PSC I SSC I Rail I Police I Bank I Insurance
RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next batch starts in August 2026
Helpline: 62921 90230
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 |
Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957
Helpline 62921 90230 riceeducation.in

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন মুঘল সম্রাটের সময়ে মুঘলশক্তি ও চিতোরের রানার মধ্যে 'চিতোর সন্ধি' স্বাক্ষরিত হয়?
(a) বাবর (b) আকবর (c) জাহাঙ্গির (d) শাহজাহান
2. মানুষের শরীরে সবচেয়ে ছোট হাড় কোনটি?
(a) ম্যালিয়াস (b) স্টেপিস (c) ইনকাস (d) স্টারনাম
3. কোন মেঘকে ঘোড়ার লেজের মতো দেখতে?
(a) অল্টোকিউমুলাস (b) সিরাস মেঘ (c) স্ট্যাটাস (d) সিরেকিউমুলাস
4. কাঁচা ফলকে কৃত্রিমভাবে পাকানোর জন্য কোন গ্যাসটি ব্যবহৃত হয়?
(a) ইথেন (b) অক্সিটোসিন (c) কার্বন ডাই-অক্সাইড (d) ইথিলিন
5. মানবচক্ষুর কোন অংশটি রঙিন বস্তু দেখতে সাহায্য করে?
(a) রেটিনা (b) কর্নিয়া (c) রড কোষ (d) কোন কোষ
6. জেমু হিমবাহ কোন রাজ্যে অবস্থিত?
(a) জম্মু-কাশ্মীর (b) উত্তরাখণ্ড (c) হিমাচল প্রদেশ (d) সিকিম
7. কোন রাজারা কোনারকের সূর্য মন্দির তৈরি করেছিলেন?
(a) চেড়িগঙ্গ (b) রাষ্ট্রকূট (c) চোল (d) পল্লব
8. উত্তর আমেরিকার পঞ্চহ্রদের মধ্যে বৃহত্তম কোনটি?
(a) হুরন (b) মিচিগান (c) সুপিরিয়র (d) অন্টারিও
9. সংবিধানের কত নম্বর ধারায় অর্থ কমিশনের উল্লেখ আছে?
(a) 280 (b) 270 (c) 260 (d) 255
10. কোন রোগটি ব্যাক্টেরিয়া সংক্রমণের ফলে হয়ে থাকে?
(a) হারপিস (b) চিকেনপক্স (c) টিটেনাস (d) পোলিও
11. মহম্মদ বিন তুঘলক দিল্লি থেকে কোথায় রাজধানী স্থানান্তরিত করেন?
(a) কনৌজ (b) লাহোর (c) দেবগিরি (d) আগ্রা
12. কত সালে ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তরিত হয়েছিল?
(a) 1914 (b) 1913 (c) 1912 (d) 1911
13. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ ক'টি?
(a) 9টি (b) 10টি (c) 11টি (d) 13টি
14. 'টুফ' কোন জাতীয় শিলার উদাহরণ?
(a) আগ্নেয় শিলা (b) পাললিক শিলা (c) রূপান্তরিত শিলা (d) সংঘাত শিলা
15. কোন রাজা 'একরাট' উপাধি নেন?
(a) শশাঙ্ক (b) সমুদ্রগুপ্ত (c) মহাপদ্মনন্দ (d) দেবপাল
16. বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদপত্রের নাম কী?
(a) দিকদর্শন (b) অমৃতবাজার (c) হিন্দু প্যাট্রিয়ট (d) সমাচার দর্পণ
17. রেল লাইনের পাশে যে শিলা রাখা হয় সেটি হল:
(a) ফেল্টস্পার (b) স্লেট (c) ব্যাসল্ট (d) ফিলাইট
18. 'পথের দাবী' বইটির লেখক কে?
(a) মহাত্মা গান্ধী (b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (c) দীনবন্ধু মিত্র (d) অরবিন্দ ঘোষ
19. বাহমনী সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) সৈয়দ লোদি (b) খিজির খান (c) আলাউদ্দিন বাহমান শাহ (d) আলম শাহ
20. অনুশীলন সমিতি কবে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1902 (b) 1903 (c) 1905 (d) 1907
21. 'রেডন' কী?
(a) একটি নোবেল গ্যাস (b) বিস্ফোরক (c) সার্বিয়ান রেডিও (d) কোনওটিই সঠিক নয়
22. কোন প্রাণী সবচেয়ে বেশি দিন বাঁচে?
(a) গন্ডার (b) নীল তিমি (c) কচ্ছপ (d) আফ্রিকান হাতি
23. রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত কমিশনের সভাপতি ও অন্য সদস্যদের কে নিয়োগ করেন?
(a) স্পিকার (b) উপরাষ্ট্রপতি (c) রাষ্ট্রপতি (d) রাজ্যপাল
24. বিখ্যাত জৈন পণ্ডিত যাকে আকবর শ্রদ্ধা করতেন:
(a) যশোভদ্র (b) চন্দ্রপ্রভু সুরি (c) হরি বিজয় সুরি (d) পুষ্পদণ্ড
25. তরলের আপেক্ষিক ঘনত্ব মাপার যন্ত্রকে কী বলে?
(a) হাইগ্রোমিটার (b) হাইড্রোমিটার (c) হাইগ্রোস্কোপ (d) থার্মোমিটার
26. মুখ্য অভিযোজিত প্রাণী কোনটি?
(a) মাছ (b) মানুষ (c) দু'টিই (d) কোনওটিই নয়
27. ভারতের প্রথম পারমাণবিক চুল্লির নাম কী?
(a) মেনকা (b) উর্বশী (c) রম্ভা (d) অপ্সরা
28. গান্ধীজি দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে ফিরে আসেন কত সালে?
(a) 1915 (b) 1914 (c) 1912 (d) 1910
29. 'বিবি কা-মকবারা' কোন জায়গায় অবস্থিত?
(a) আগ্রা (b) রাজস্থান (c) ছত্রপতি শম্ভাজিনগর (ঔরঙ্গাবাদ) (d) দিল্লি
30. সম্রাট অশোকের পিতার নাম কী ছিল?
(a) চন্দ্রগুপ্ত মৌর্য (b) বিন্দুসার (c) বিম্বিসার (d) বিষ্ণু শর্মা
31. নীচের কোন রাসায়নিকটির নাম 'অ্যাসিটিক অ্যাসিড'?
(a) ম্যাগনেসিয়াম অক্সাইড (b) বেকিং সোডা (c) ভিনিগার (d) কপার সালফেট
32. ভারতের মোট তৈলবীজ উৎপাদনে প্রথম কোন রাজ্য?
(a) উত্তরপ্রদেশ (b) রাজস্থান (c) গুজরাট (d) মধ্যপ্রদেশ
33. বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত কোন নদীর ওপর সৃষ্টি হয়েছে?
(a) মিসিসিপি (b) মিচিগান (c) ইলিনয় (d) চুরুন নদী
34. বিহারের ডালমিয়ানগর কেন প্রসিদ্ধ?
(a) সিমেন্ট (b) পাট (c) সিল্ক (d) চামড়া
35. মেঘনাদ সাহা ——— এ তাঁর অবদানের জন্য প্রসিদ্ধ।
(a) গণিত (b) পদার্থবিদ্যা (c) পরিবেশবিদ্যা (d) চিকিৎসাবিদ্যা
36. পম্পাস অঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ নদীর নাম কী?
(a) কলোরাডো (b) লা প্লাটা (c) আমাজন (d) পারানা
37. অরুণ জেটলি ক্রিকেট স্টেডিয়ামটি কোথায় অবস্থিত?
(a) ত্রিপুরা (b) দিল্লি (c) ভোপাল (d) মুম্বাই
38. বিষেণ সিং বেদী কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) ফুটবল (c) বাস্কেটবল (d) ভলিবল
39. 'নারকেলের দেশ' নামে পরিচিত কোন রাজ্য?
(a) অন্ধ্রপ্রদেশ (b) কেরালা (c) তামিলনাড়ু (d) গুজরাট
40. হরিষেণ কার সভাকবি ছিলেন?
(a) শ্রীগুপ্ত (b) প্রথম চন্দ্রগুপ্ত (c) সমুদ্রগুপ্ত (d) দ্বিতীয় চন্দ্রগুপ্ত
41. কোন দেশের পার্লামেন্টের নাম 'মজলিশ'?
(a) ইরান (b) কুয়েত (c) ইরাক (d) মিশর
42. মানব দেহে অক্সিজেন পরিবাহিত হয় কার মাধ্যমে?
(a) শ্বেতরক্ত কণিকা (b) স্নায়ু দ্বারা (c) রক্তরস (d) লোহিত রক্ত কণিকা
43. 'টাইটানিক' ছবিটির পরিচালকের নাম কী?
(a) জেমস ক্যামেরন (b) স্টিভওয়ার্ন (c) উপর সাহিন (d) কেনেস আর্গ
44. 'My Life and the Beauty' কার আত্মজীবনী?
(a) নরেন্দ্র মোদী (b) বারাক ওবামা (c) পেলে (d) হিটলার
45. কোন বিজ্ঞানী পদার্থবিদ্যা ও রসায়ন দু'টিতেই নোবেল পেয়েছিলেন?
(a) মেরি কুরি (b) উইলিয়াম কুরি (c) পিয়ের কুরি (d) কেউই নন
46. অ্যান্টাসিড ঔষধের উপাদান কোনটি?
(a) $Al(OH)_3$ (b) $Mg(OH)_2$ (c) a এবং b দু'টিই (d) কোনওটিই নয়
47. ভারতের নাগরিকত্ব আইন কোন বছর প্রবর্তিত হয়েছিল?
(a) 1875 (b) 1957 (c) 1958 (d) 1960
48. ইন্ডিয়ান লীগ কোন বছর প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1955 (b) 1957 (c) 1958 (d) 1960
49. পশ্চিমবঙ্গে প্রথম লৌহ ইস্পাত শিল্প কোথায় গড়ে ওঠে?
(a) বার্নপুর (b) দুর্গাপুর (c) বরানগর (d) কুলটি
50. জার্মেনিয়াম হল:
(a) অর্ধপরিবাহী (b) উত্তরপরিবাহী (c) অপরিবাহী (d) কোনওটিই নয়
51. ভারতের কোন রাজ্যে সর্বাধিক বাঘ সংরক্ষণ কেন্দ্র রয়েছে?
(a) পশ্চিমবঙ্গ (b) মধ্যপ্রদেশ (c) আসাম (d) তামিলনাড়ু
52. 1932 সালে কত তম গোলটেবিল বৈঠকটি হয়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
53. নীচের অসুখগুলির মধ্যে কোনটি পাস্তুরাইজ না করা দুধের মাধ্যমে পরিবাহিত হতে পারে?
(a) ডিপথেরিয়া (b) পোলিও (c) প্লেগ (d) টাইফয়েড
54. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সবার আগে হয়েছিল?
(a) প্রথম বর্মা যুদ্ধ (b) দ্বিতীয় আফগান যুদ্ধ (c) প্রথম মহীশূরের যুদ্ধ (d) তৃতীয় কর্নাটিকের যুদ্ধ
55. বঙ্গভঙ্গের পর শুরু হয়েছিল কোন আন্দোলন?
(a) অসহযোগ (b) ভারত ছাড়ো (c) স্বদেশী বয়কট (d) কোনওটিই নয়
56. বনস্পতি তৈরিতে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) অ্যামোনিয়া (b) নাইট্রোজেন (c) সালফার ডাই-অক্সাইড (d) হাইড্রোজেন
57. কোন অ্যাসিড 'অ্যাকোয়া ফর্টিস' নামে পরিচিত?
(a) HCl (b) $HNO_3$ (c) $H_2SO_4$ (d) $H_2S$
58. কম্পিউটার চিপসের প্রধান উপাদান কোনটি?
(a) সিলিকন (b) তামা (c) সীসা (d) দস্তা
59. 'জাতির জনক' কাকে বলা হয়?
(a) রাজা রামমোহন রায় (b) মহাত্মা গান্ধী (c) সুভাষচন্দ্র বসু (d) চক্রবর্তী রাজাগোপালাচারী
60. পুনা চুক্তি কত সালে স্বাক্ষরিত হয়েছিল?
(a) 1932 (b) 1931 (c) 1930 (d) 1928
61. 'ভারত ছাড়ো আন্দোলন' কত সালে শুরু হয়েছিল?
(a) 1935 (b) 1938 (c) 1940 (d) 1942
62. 'ফুজিয়ামা' কোন দেশের একটি আগ্নেয় পর্বতের নাম?
(a) অস্ট্রেলিয়া (b) দক্ষিণ কোরিয়া (c) জাপান (d) উত্তর কোরিয়া
63. কোন মুঘল সম্রাটের রাজসভায় ভারতীয় স্থাপত্য ইউরোপীয় শিল্পকলা দেখা গিয়েছিল?
(a) জাহাঙ্গির (b) শাহজাহান (c) আকবর (d) হুমায়ুন
64. 'The Third Pillar' বইটির লেখক কে?
(a) অমর্ত্য সেন (b) রঘুরাম রাজন (c) সানিয়া মির্জা (d) এ পি জে আব্দুল কালাম
65. নীচের কোন মাধ্যমে শব্দের বেগ তুলনামূলকভাবে বেশি?
(a) বায়ু (b) জল (c) লোহার তার (কঠিন) (d) শূন্য
66. জীবাশ্ম প্রধানত: কোন শিলায় দেখা যায়?
(a) রূপান্তরিত শিলা (b) আগ্নেয় শিলা (c) পাললিক শিলা (d) কোনওটিই সঠিক নয়
67. 'কেরাটিন' উপস্থিত থাকে কোথায়?

এরপর এগারোর পাতায়

# ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

## নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

64. If 46.4 : x :: x : 2.9, and x > 0, then find the value of x.
(a) 14.3 (b) 15.6 (c) 11.6 (d) 13.4
65. A train goes from A to B at a speed of 40 km/hr and returns from B to A by the same route at 10 km/hr. The average speed (in km/hr) of the train during the two-way journey is:
(a) 15 (b) 19 (c) 16 (d) 14
66. A, B, C and D are four partners in a business. A's investment is two-thirds of D's investment. B and C invest equal amounts, and C's investment is half of D's investment. If they earn ₹137.6 lakh at the end of one year, then find the total share (in ₹ lakh) of A and B put together.
(a) 60.2 (b) 62.2 (c) 59.2 (d) 63.2
67. What will come in the place of '?' in the following equation, if '+' and '-' are interchanged and '×' and '÷' are interchanged?
28 × 2 – 4 ÷ 24 + 41 = ?
(a) 68 (b) 71 (c) 70 (d) 69
68. Two alloys are made by mixing metals A and B in the ratio 3 : 2 and 5 : 3, respectively. Equal quantities of the two alloys are melted and mixed together. Find the ratio of metals A and B in the final mixture.
(a) 49 : 31 (b) 7 : 4 (c) 49 : 30 (d) 8 : 5
69. In a division sum, the divisor is 10 times the quotient and 6 times the remainder. If the remainder is 25, what is the dividend?
(a) 2277 (b) 2280 (c) 2275 (d) 2276
70. Let AB be an arc on a circle C that is 14 cm long. If the circumference of the circle is 180 cm, then find the angle made by arc AB at the centre.
(a) 30° (b) 32° (c) 28° (d) 24°
71. If $x + \frac{1}{x} = 15$ find the value of $x^2 + \frac{1}{x^2} = ?$
(a) 125 (b) 143 (c) 225 (d) 223
72. During a sale, 44% of the goods are sold at a 28% profit, 25% of the remaining goods are sold at a 48% profit and the rest are sold at an 18% loss. If there is an overall profit of x%, then what is the value of x?
(a) 17% (b) 11.48% (c) 9% (d) 17.55%
73. What sum (in rupees) will earn an interest of 480 in 2 years at 15% simple interest per year?
(a) 1750 (b) 1600 (c) 1400 (d) 1800
74. If 33% of 497 = 71% of x, then the value of x is:
(a) 123 (b) 213 (c) 132 (d) 231
75. A solid sphere of diameter 24 cm is melted and recast into small solid cones each of base radius 4 cm and height 9 cm. How many cones will be obtained?
(a) 48 (b) 45 (c) 56 (d) 32
76. A and B started a business investing ₹ 45,000 and ₹ 60,000, respectively. After 4 months, C joined them with ₹ 75,000. If the total profit at the end of the year is ₹ 62,000, find the difference (in ₹) between the shares of B and C in the profit.
(a) 4000 (b) 8000 (c) 7000 (d) 6000
77. A pipe can fill a tank in 5 hours, and another pipe can empty the same tank in 10 hours. How long will it take for both pipes to fill the tank when working together?
(a) 15 hours (b) 10 hours (c) 8 hours (d) 12 hours
78. 10 men and 15 boys together can complete a work in 6 days. It takes 100 days for one man alone to complete the same work. How many days will a boy alone take to complete the same work?
(a) 240 (b) 250 (c) 230 (d) 225
79. A luxury watch is marked at75,000 rupees. During a festival, an 18% discount is offered followed by another 5,000 rupees off. What is the final price of the watch?
(a) 55,700 (b) 55,600 (c) 56,500 (d) 57,500
80. Three persons P, Q and R started a business with their shares in the ratio 6 : 3 : 15. After 5 months Q withdrew his 80% share and R withdrew his 52% share 4 months prior to completion of the year. If total profit in the year is ₹ 29900 then find the share of R (in ₹) in the profit. 5139:
(a) 18498 (b) 18538 (c) 18580 (d) 18558
81. Three partners, Alex, Ben, and Chris, invest in a startup. Alex invests ₹ 30,000, Ben invests ₹ 45,000, and Chris invests ₹ 60,000. After one year, the profit is ₹ 27,000. What is Alex's share in the profit:
(a) 5,000 (b) 5,200 (c) 5,800 (d) 6,000
82. A trader mixes two varieties of rice, A and B, in the ratio 3 : 5 by weight. He sells the mixture at a price such that he gains 20% on rice A and incurs a loss of 10% on rice B. If the overall

এরপর এগারোর পাতায়

# কী পড়বেন, কোথায় পড়বেন

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্স

স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ৫ বছর। ক্লাস শুরু হবে অগস্ট থেকে।

আসনসংখ্যা: ২৮টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স ও ইংলিশ পড়ে থাকতে হবে। ২০২৩-এর আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট থেকে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ১৭ জুলাই। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

আবেদনের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্স

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

আসনসংখ্যা: ৫২টি।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ক্যাট বা ম্যাট বা সিম্যাট বা ডব্লু বি জেম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। ১ বছরের বেশি পুরনো স্কোর কার্ড বৈধ নয়।

টিউশন ফি: বছর প্রতি ৩৫,০০০ টাকা।

ক্যাট বা ম্যাট বা সিম্যাট বা ডব্লু বি জেম্যাট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। তারিখ ৬ ও ৭ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ৩০ জুলাই।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৬০ টাকা)। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ জুলাই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

বাংলা, ইংরেজি, হিন্দি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, মাইক্রোবায়োলজি, বায়োফিজিক্স, বটানি, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, জুলজি, কম্পিউটার সায়েন্স-সহ মোট ৩২টি বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। অনার্স-সহ স্নাতকোত্তীর্ণরা আবেদন করবেন।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট থেকে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ২০ জুলাই। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

আবেদনের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়ে এম বি এ

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে অগস্টে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। অথবা ২০২৫-এর ২২ অগস্ট থেকে ২০২৬-এর ১৫ জুলাইয়ের মধ্যে আয়োজতি হওয়া ক্যাট বা জ্যাট বা ম্যাট বা সিম্যাট বা জিম্যাট এ টি এম এ বা ডব্লু বি জেম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট হবে ২৭ জুলাই।

প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন (২৫ নম্বর), ইন্টারভিউ (৪০ নম্বর), এসে রাইটিং (২৫ নম্বর) ও এক্সটেমপোরের (১০ নম্বর) মাধ্যমে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://mba.nbu.ac.in আবেদনের শেষ তারিখ ২২ জুলাই।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,২৫০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর স্তরে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। সদ্য স্নাতক পড়ুয়ারা বিজ্ঞান, কলা, বাণিজ্য শাখার বিভিন্ন বিষয়ের পাশাপাশি, আইন, মাস কমিউনিকেশন এবং লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবেন। ক্লাস শুরু হবে ৩ অগস্ট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই। **পড়ানো হয় যেসব বিষয়:** বিজ্ঞান শাখায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, ভূগোল, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা। কলা শাখায় বাংলা, ইংরেজি, অর্থনীতি, হিন্দি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, এডুকেশন, সাংবাদিকতা এবং সংস্কৃত। এছাড়া বাণিজ্য শাখা, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, আইন (হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ এডুকেশন) বিষয়ে স্নাতকোত্তর পড়া যায়।

**শিক্ষাগত যোগ্যতা:** নির্দিষ্ট বিষয়ে স্নাতক। **আবেদনের শেষ তারিখ:** ২৩ জুলাই। আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://admission.cbpbu.ac.in/

## ফরাসি ও রুশ ভাষার সার্টিফিকেট ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স

ফরাসি ও রুশ ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়।

**ভাষা ও কোর্স অনুসারে আসনসংখ্যা:** **ফরাসি:** সার্টিফিকেট কোর্স ৭০টি, ডিপ্লোমা ১৫টি, অ্যাডভান্সড ডিপ্লোমা ১৫টি। **রুশ:** সার্টিফিকেট কোর্স ৭০টি, ডিপ্লোমা ১৫টি, অ্যাডভান্সড ডিপ্লোমা ১৫টি।

শিক্ষাগত যোগ্যতা: সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট কোর্স পাশ। অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স পাশ।

কোর্স ফি ২,২৭৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.buruniv.ac.in আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১৫০ টাকা (ট্রানজ্যাকশন চার্জ অতিরিক্ত)।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি সায়েন্সের স্নাতকোত্তর কোর্স

লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স ও লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (ডিজিটাল লাইব্রেরি)-র স্নাতকোত্তর কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: উভয় বিষয়ের ক্ষেত্রেই মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক ডিগ্রি।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে এম ফার্ম

**নিজস্ব প্রতিনিধি:** ফার্মাসি নিয়ে স্নাতকোত্তর পড়তে পারেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে। ২০২৬-২৭ শিক্ষাবর্ষে মাস্টার অব ফার্মাসিউটিক্স এবং মাস্টার অব ফার্মাকগনোসি কোর্সে ভর্তি নেবে এই বিশ্ববিদ্যালয়। আবেদন গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে।

প্রতিটি কোর্স চারটি সেমেস্টারে বিভক্ত। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নামের তালিকা প্রকাশিত হবে ২১ জুলাই। পরীক্ষা ২৬ জুলাই। ইন্টারভিউ ২৬ থেকে ২৮ জুলাই। ১০ অগস্ট থেকে ক্লাস শুরু হতে পারে। আগ্রহীরা আবেদন করুন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর অব ফার্মেসি ডিগ্রি। অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**আসনসংখ্যা:** ৩৪টি (দু'টি কোর্স মিলিয়ে)।

**কোর্স ফি:** প্রথম সেমেস্টারে ৪২,৭৬৯ টাকা, পরের তিনটি সেমেস্টারে ৪০,৬৬৯ টাকা করে।

**আবেদন করার শেষ তারিখ:** ১৯ জুলাই।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://www.nbu.ac.in/

## ব্যবহারিক ইংরেজির স্বল্পমেয়াদি সার্টিফিকেট কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** আন্তর্জাতিক ক্ষেত্রে সর্বাধিক বোধগম্য ভাষা ইংরেজি। ইংরেজি বলায় ও লেখায় সড়গড় হলে উচ্চশিক্ষা, চাকরি কিংবা ব্যবসা— সর্বত্রই সুবিধা হয়। কাজে উন্নতির পথও প্রশস্ত হয়।

যাদবপুর বিশ্ববিদ্যালয় স্বল্প সময়ে ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট কোর্স করাবে। এই প্রতিষ্ঠানের ফ্যাকাল্টি অব ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ, ল অ্যান্ড ম্যানেজমেন্টের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স এই কোর্সটির আয়োজক। আবেদনপত্রের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নাম প্রকাশিত হবে ২৭ জুলাই। ক্লাস শুরু হবে অগস্টের দ্বিতীয় সপ্তাহ থেকে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কোর্সের নাম:** ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ

**কোর্সের মেয়াদ:** ৬ মাস

**ক্লাসের সময়:** সপ্তাহে দু'দিন, প্রতি দিন বিকেল ৫টা থেকে সন্ধে ৭টা

**কোর্স ফি:** ৩,৬৬০ টাকা (জিএসটি-সহ)

**আবেদনের ফি:** ১০০ টাকা

**আবেদনের শেষ তারিখ:** ২০ জুলাই

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in/ খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

## পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স বা এমভিএসসি করা যাচ্ছে। ভর্তি নেওয়া হবে বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা ২২ জুলাই। মেধাতালিকা প্রকাশিত হবে ২৪ জুলাই। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**পড়া যাবে যেসব বিষয়:** ভেটেরিনারি অ্যানাটমি, ভেটেরিনারি ফিজিয়োলজি, ভেটেরিনারি প্যারাসাইটোলজি, ভেটেরিনারি বায়োকেমিস্ট্রি, ভেটেরিনারি প্যাথোলজি, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি, ভেটেরিনারি সার্জারি অ্যান্ড রেডিয়োলজি, অ্যানিম্যাল রিপ্রোডাকশন, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স, ভেটেরিনারি মেডিসিন, ভেটেরিনারি পাবলিক হেল্‌থ অ্যান্ড এপিডেমিয়োলজি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, ভেটেরিনারি ফার্মাকোলজি অ্যান্ড টক্সিকোলজি, অ্যানিম্যাল নিউট্রিশন, লাইভস্টক প্রোডাক্টস টেকনোলজি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট, ভেটেরিনারি এক্সটেনশন এডুকেশন, ভেটেরিনারি বায়োটেকনোলজি, পোলট্রি সায়েন্স।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রিতে স্নাতক।

**আসনসংখ্যা:** সব মিলিয়ে ১০৭টি।

**আবেদনের ফি:** ১,৫০০ টাকা। সংরক্ষিত শ্রেণির ক্ষেত্রে ১,২০০ টাকা।

**আবেদনের শেষ তারিখ:** ১৫ জুলাই।

**আবেদন করার পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.wbuafsce.org/ খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

## ক্লিনিক্যাল রিসার্চের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

ক্লিনিক্যাল ট্রায়ালসে স্পেশ্যালাইজেশন-সহ ক্লিনিক্যাল রিসার্চের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ট্রান্সলেশনাল হেলথ সায়েন্স অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট। এটি কেন্দ্রের সায়েন্স অ্যান্ড টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

আসনসংখ্যা: ১৫টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফার্মাসি বা লাইফ সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স বা পাবলিক হেল্‌থ বা নার্সিং বা ভেটেরিনারি সায়েন্স-এ স্নাতক পাশ। অথবা অ্যালোপ্যাথিক মেডিসিনে ব্যাচেলর্স ডিগ্রি পাশ। এছাড়া এম বি বি এস, বি এ এম এস, বি এইচ এম এস ও বি ডি এস পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

কোর্স ফি: সেমেস্টার প্রতি ৩১,০০০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮,৫০০ টাকা, ওবিসিদের ক্ষেত্রে ২৪,৭৫০ টাকা)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.thsti.in আবেদনের শেষ তারিখ ৯ অগস্ট।

ফি বাবদ দিতে হবে ৫৯০ টাকা (জিএসটি-সহ)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট অ্যান্ড কোঅপারেশনের এম বি এ কোর্স

ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট অ্যান্ড কোঅপারেশনের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ত্রিভুবন সহকারী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ২০২৫ ও ২০২৬ সালে আয়োজিত হওয়া সেন্ট্রাল ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট-পোস্ট গ্র্যাজুয়েট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট বা ক্যাট বা সিম্যাট বা গেট বা জিম্যাট বা জি আর ই পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tsu.ac.in

আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। দারিদ্রসীমার নীচে থাকা প্রার্থীদের কোনও ফি লাগবে না। প্রার্থী বাছাই ও আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ডি এল এড কোর্সে ভর্তি

*প্রথম পাতার পর*

আবেদন করা যাবে ১৭ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে এইসব নথি— প্রার্থীর ফটো, সই, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সমতুল, উচ্চমাধ্যমিকের মার্কশিট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট এবং ডোমিসাইল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে। প্রার্থীর আধার কার্ড থাকতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং ও বি সিদের ক্ষেত্রে ৭৫০ টাকা)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরগুলিতে: ৯৮৮৩৪৮০৬৬০, ৮৯০২০৮১২০১।

# উত্তর-পশ্চিম রেলে দক্ষ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৫৪ জন দক্ষ খেলোয়াড় নেবে উত্তর-পশ্চিম রেল। লেভেল-১, লেভেল-২/৩ এবং লেভেল-৪/৫ ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। নিয়োগ হবে রাজস্থানের জয়পুর, আজমের, যোধপুর ও বিকানেরে। এই নিয়োগের এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 03/2026 (NWR/Sports/Open Advt.)

নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: ব্যাডমিন্টন, সাইক্লিং, শুটিং, টেবিল টেনিস, অ্যাথলেটিক্স, বক্সিং, ক্রিকেট, হকি, পাওয়ারলিফটিং, ওয়েটলিফটিং, রেসলিং, বাস্কেটবল, হ্যান্ডবল, সুইমিং, ভলিবল, টেনিস, কবাডি।

**শূন্যপদের বিন্যাস:** লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে ৩৩টি, লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে ১৬টি, লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** লেভেল-৫ ক্যাটেগরির ক্ষেত্রে স্নাতক। সিগন্যাল মেইন্টেনার গ্রেড-১ পদের ক্ষেত্রে বি এসসি পাশ। লেভেল-৪ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক। জুনিয়র স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে দেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৫০ মিনিটে এবং হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে হবে। লেভেল ২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল। টেকনিশিয়ান গ্রেড-৩ পদের ক্ষেত্রে মাধ্যমিক-সহ আইটিআই কোর্স পাশ। শুধুমাত্র মাধ্যমিক বা সমতুল পাশ হলেও আবেদন করতে পারেন। লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে মাধ্যমিক বা আইটিআই কোর্স বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**খেলাধুলার যোগ্যতা:** লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে অলিম্পিক গেমসে (সিনিয়র) দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েল্থ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, থমাস কাপ বা উবের কাপ (ব্যাডমিন্টন)।

লেভেল-৩/২ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— অলিম্পিক গেমস (সিনিয়র), বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েল্থ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, থমাস কাপ বা উবের কাপ (ব্যাডমিন্টন), চ্যাম্পিয়নস ট্রফি (হকি), ডেভিস কাপ (টেনিস)। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েল্থ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি (ওয়ার্ল্ড রেলওয়েজ) চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র ক্যাটেগরি) প্রথম স্থান পেয়ে থাকতে হবে।

লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— অলিম্পিক গেমস (সিনিয়র); বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েল্থ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, থমাস কাপ বা উবের কাপ (ব্যাডমিন্টন), চ্যাম্পিয়নস ট্রফি (হকি), ডেভিস কাপ (টেনিস), কমনওয়েল্থ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি (ওয়ার্ল্ড রেলওয়েজ) চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপ (সিনিয়র ক্যাটেগরি)। অথবা, সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি বাদে) অষ্টম স্থান পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই ১-৪-২০২৪ তারিখ বা তার পরে খেলাধুলার নির্দিষ্ট যোগ্যতা অর্জন করে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলা ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টও নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcjaipur.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ১০ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবির মধ্যে), সই (২০ থেকে ৩০ কেবির মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা-সংক্রান্ত সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। ৩০-৬-২০২৬ তারিখের আগে তোলা ফটো চলবে না।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, সংখ্যালঘু ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ট্রায়ালে অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাষ্ট্রায়ত্ত সংস্থায় ইঞ্জিনিয়ার

বিভিন্ন শাখায় ৪২ জন ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ার নেবে প্রোজেক্টস অ্যান্ড ডেভেলপমেন্ট ইন্ডিয়া। এটি কেন্দ্রের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। সর্বাধিক ৩ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HR/71/26/01(Contract).

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ডিপ্লোমা ইঞ্জিনিয়ার:** সিভিল ২টি। ইলেক্ট্রিক্যাল ১টি। ইনস্ট্রুমেন্টেশন ২টি। মেকানিক্যাল-মেটিরিয়াল হ্যান্ডলিং ১টি। মেকানিক্যাল-পাইপিং ৪টি। মেকানিক্যাল-প্রেশার ভেসেল ১টি। প্রোসেস ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন— যে-কোনও একটিতে ডিপ্লোমা থাকতে হবে। প্রোসেস শাখার ক্ষেত্রে কেমিক্যাল বা মেকানিক্যাল শাখায় ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৭ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩১,০০০ টাকা।

**ডিগ্রি ইঞ্জিনিয়ার:** সিভিল ৪টি। সিভিল (কনস্ট্রাকশন) ২টি। ইলেক্ট্রিক্যাল ৪টি। হিউম্যান রিসোর্সেস ২টি। ইনস্ট্রুমেন্টেশন ৩টি। মেটিরিয়ালস ম্যানেজমেন্ট ১টি। মেকানিক্যাল-কনস্ট্রাকশন ২টি। মেকানিক্যাল-মেশিনারি ১টি। মেকানিক্যাল-মেটিরিয়াল হ্যান্ডলিং ২টি। মেকানিক্যাল-পাইপিং ২টি। মেকানিক্যাল-প্রেশার ভেসেল ২টি। প্রোসেস ৩টি। এসএসপি অ্যান্ড কিউসি অডিট ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** হিউম্যান রিসোর্সেসের ক্ষেত্রে এই সব বিষয়ের কোনও একটিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা— পার্সোনেল ম্যানেজমেন্ট, হিউম্যান রিসোর্স, পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার। অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা হিউম্যান রিসোর্স অন্যতম বিষয় হিসেবে পড়ে এমবিএ। মেটিরিয়াল ম্যানেজমেন্টের ক্ষেত্রে যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা, মেটিরিয়ালস ম্যানেজমেন্ট বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ। অথবা, মেটিরিয়ালস ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। এসএসপি অ্যান্ড কিউসি অডিটের ক্ষেত্রে কেমিস্ট্রিতে এম এসসি। বাকি সব পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। প্রোসেস শাখার ক্ষেত্রে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে স্নাতক ডিগ্রি থাকলে আবেদন করা যাবে। ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে এই সব বিষয়ে ডিগ্রি গ্রাহ্য হবে— ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন। সেই সঙ্গে সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৪৭,০০০ টাকা।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

৩০-৬-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: A-14, Sec-1, PDIL Bhawan, Noida.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pdilin.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ জুলাই পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা (তফসিলি ও আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ৪০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উচ্চ প্রাথমিকের অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের কাউন্সেলিং শুরু এ মাসেই

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যের সরকারি সহায়তাপ্রাপ্ত স্কুলগুলির উচ্চ প্রাথমিক স্তর তথা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য আয়োজিত ২০১৬-র প্রথম স্টেট লেভেল সিলেকশন টেস্টে (এসএলএসটি) সফল কিন্তু অপেক্ষমাণ তালিকায় থেকে যাওয়া প্রার্থীদের নতুন করে কাউন্সেলিং শুরু হতে চলেছে। স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের এ বছরের ২১ মে-র নির্দেশ অনুসারে কাউন্সেলিং আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। কমিশনার অব স্কুল এডুকেশনের পাঠানো শূন্যপদ অনুসারে, ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল স্কুল সার্ভিস কমিশনের অফিসে কাউন্সেলিং শুরু হবে ২১ জুলাই থেকে। আপাতত ১,১৭৭ জন অপেক্ষমাণ প্রার্থীর কাউন্সেলিং হবে বলে জানা গিয়েছে।

স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে, কাউন্সেলিংয়ের বিশদ সূচি জানিয়ে দেওয়া হবে। আগ্রহীরা নজর রাখবেন এই ওয়েবসাইটে: https://old.westbengalssc.com/sscorg/wbssc/home/

# রিলায়েন্স জিও-য় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা, বারাকপুর, ডায়মন্ড হারবার ও হাওড়ায় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ নেবে রিলায়েন্স জিও। ক্রেতা পরিষেবার চাকরি। সেলসের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। সংস্থার তরফে নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার কথা উল্লেখ করা হয়নি। গ্র্যাজুয়েটরা চাকরি পাওয়ার ব্যাপারে এগিয়ে থাকবেন। বিপণন প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান থাকতে হবে। চাকরি হবে জিও পয়েন্টে। গ্রাহকদের সঙ্গে যোগাযোগ রক্ষা ও গ্রাহকের সংখ্যা বৃদ্ধি, কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ পদের বিশেষ দায়িত্ব। আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.jio.com frmPointjob.aspx

# পূর্ব বর্ধমানে কমিউনিটি অডিটর

কমিউনিটি অডিটর পদে ৬৩ জনকে নেবে পূর্ব বর্ধমান জেলা গ্রামীণ উন্নয়ন সেল। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল স্টেট রুরাল লাইভলিহুডস মিশনে। ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশনের অন্তর্গত স্বনির্ভর গোষ্ঠীর মহিলা সদস্যরাই কেবল আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1103/DMMU/BDN.

**শিক্ষাগত যোগ্যতা:** কমার্স শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সব ক্ষেত্রেই বেসিক কম্পিউটার স্কিল (এমএস ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট) সার্টিফিকেট থাকতে হবে। বুককিপিং ও অ্যাকাউন্টিংয়ের কাজ সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। সেই সঙ্গে প্রার্থীকে স্বীকৃত কোনও স্বনির্ভর গোষ্ঠীর অন্তত ২ বছরের সদস্য হতে হবে এবং মেম্বার কোড থাকতে হবে। **বয়স:** ১-১-২০২৬ তারিখে ২৫ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। কমিউনিটি অডিটররা নিয়মানুসারে সাম্মানিক ও অন্যান্য ভাতা পাবেন। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৮০ নম্বর) ও ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ (২০ নম্বর), বেসিক ম্যাথমেটিক্স অ্যান্ড অ্যাকাউন্টিং (২০ নম্বর), জেনারেল ইংলিশ (২০ নম্বর), সঙ্ঘ সমবায় এবং স্বনির্ভর গোষ্ঠী সংক্রান্ত (২০ নম্বর) বিষয়ে। সময় ২ ঘণ্টা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://purbabardhaman.nic.in/ পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓১ কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

২৭ জুলাইয়ের মধ্যে দরখাস্ত জমা দিতে হবে সংশ্লিষ্ট বিডিও অফিস বা আনন্দধারা প্রকল্পের জেলা অফিসে রাখা নির্দিষ্ট বাক্সে।

# প্রতিরক্ষা দপ্তরে ১১৮০

প্রথম পাতার পর

**শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত সব ক'টি পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

**জুনিয়র ম্যানেজার (ইলেক্ট্রিক্যাল):** ১৮টি। **জুনিয়র ম্যানেজার (ইলেক্ট্রনিক্স):** ৩০টি। **জুনিয়র ম্যানেজার (মেকানিক্যাল):** ৯২টি। **জুনিয়র ম্যানেজার (মেটালার্জি):** ৮টি।

**শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**জুনিয়র ম্যানেজার (হিউম্যান রিসোর্সেস):** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে হিউম্যান রিসোর্সে এমবিএ। অথবা হিউম্যান রিসোর্সেস বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল সায়েন্স বা সোশ্যাল ওয়েলফেয়ার বা সোশ্যাল ওয়ার্কে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা।

**ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল):** ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় বি ই বা বি টেক। থ্রি ডি মডেলিং বা টু ডি ড্রাফটিং বা ইঞ্জিনিয়ারিং ডিজাইন ড্রয়িংয়ের কাজ জানা থাকলে অগ্রাধিকার।

**ডেপুটি ম্যানেজার (ইলেক্ট্রনিক্স):** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় বি ই বা বি টেক। ইলেক্ট্রনিক্সের আধুনিক প্রযুক্তি, সার্ভো ড্রাইভস ট্রান্সডিউসার্স অ্যান্ড সেন্সর, কমিউনিকেশন সিস্টেম, ইলেক্ট্রনিক সার্কিট ড্রয়িংয়ের কাজ জানা থাকলে অগ্রাধিকার।

**ডেপুটি ম্যানেজার (মার্কেটিং):** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে মার্কেটিং ম্যানেজমেন্টে এমবিএ।

এর মধ্যে দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২৫-৭-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে প্রতি মাসে ২৫,০৫০ টাকা, জুনিয়র ম্যানেজার পদের ক্ষেত্রে প্রতি মাসে ৩৪,৫০০ টাকা ও ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে প্রতি মাসে ৫৫,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং ট্রেড টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রথম পার্টে থাকবে ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকবে সংশ্লিষ্ট বিষয়ে ৫০ নম্বরের প্রশ্ন। মোট সময়সীমা ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://avnl.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৫ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিটের পর অ্যাপ্লিকেশন নম্বর-সহ অ্যাপ্লিকেশন স্লিপ ডাউনলোড করে নেবেন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে হবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্স

স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ৫ বছর। ক্লাস শুরু হবে অগস্ট থেকে।

আসনসংখ্যা: ২৮টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স ও ইংলিশ পড়ে থাকতে হবে। ২০২৩-এর আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট থেকে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ১৭ জুলাই। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

আবেদনের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্স

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

আসনসংখ্যা: ৫২টি।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ক্যাট বা ম্যাট বা সিম্যাট বা ডব্লু বি জেম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। ১ বছরের বেশি পুরনো স্কোর কার্ড বৈধ নয়।

টিউশন ফি: বছর প্রতি ৩৫,০০০ টাকা।

ক্যাট বা ম্যাট বা সিম্যাট বা ডব্লু বি জেম্যাট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। তারিখ ৬ ও ৭ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ৩০ জুলাই।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৬০ টাকা)। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ জুলাই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

বাংলা, ইংরেজি, হিন্দি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, মাইক্রোবায়োলজি, বায়োফিজিক্স, বটানি, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, জুলজি, কম্পিউটার সায়েন্স-সহ মোট ৩২টি বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। অনার্স-সহ স্নাতকোত্তীর্ণরা আবেদন করবেন।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট থেকে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ২০ জুলাই। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

আবেদনের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়ে এম বি এ

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে অগস্টে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। অথবা ২০২৫-এর ২২ অগস্ট থেকে ২০২৬-এর ১৫ জুলাইয়ের মধ্যে আয়োজতি হওয়া ক্যাট বা জ্যাট বা ম্যাট বা সিম্যাট বা জিম্যাট এ টি এম এ বা ডব্লু বি জেম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট হবে ২৭ জুলাই।

প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন (২৫ নম্বর), ইন্টারভিউ (৪০ নম্বর), এসে রাইটিং (২৫ নম্বর) ও এক্সটেমপোরের (১০ নম্বর) মাধ্যমে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://mba.nbu.ac.in আবেদনের শেষ তারিখ ২২ জুলাই।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,২৫০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর স্তরে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। সদ্য স্নাতক পড়ুয়ারা বিজ্ঞান, কলা, বাণিজ্য শাখার বিভিন্ন বিষয়ের পাশাপাশি, আইন, মাস কমিউনিকেশন এবং লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবেন। ক্লাস শুরু হবে ৩ অগস্ট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই। **পড়ানো হয় যেসব বিষয়:** বিজ্ঞান শাখায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, ভূগোল, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা। কলা শাখায় বাংলা, ইংরেজি, অর্থনীতি, হিন্দি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, এডুকেশন, সাংবাদিকতা এবং সংস্কৃত। এছাড়া বাণিজ্য শাখা, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, আইন (হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ এডুকেশন) বিষয়ে স্নাতকোত্তর পড়া যায়।

**শিক্ষাগত যোগ্যতা:** নির্দিষ্ট বিষয়ে স্নাতক। **আবেদনের শেষ তারিখ:** ২৩ জুলাই। আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://admission.cbpbu.ac.in/

## ফরাসি ও রুশ ভাষার সার্টিফিকেট ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স

ফরাসি ও রুশ ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়।

ভাষা ও কোর্স অনুসারে আসনসংখ্যা: ফরাসি: সার্টিফিকেট কোর্স ৭০টি, ডিপ্লোমা ১৫টি, অ্যাডভান্সড ডিপ্লোমা ১৫টি। রুশ: সার্টিফিকেট কোর্স ৭০টি, ডিপ্লোমা ১৫টি, অ্যাডভান্সড ডিপ্লোমা ১৫টি।

শিক্ষাগত যোগ্যতা: সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট কোর্স পাশ। অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স পাশ।

কোর্স ফি ২,২৭৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.buruniv.ac.in আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১৫০ টাকা (ট্রানজ্যাকশন চার্জ অতিরিক্ত)।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি সায়েন্সের স্নাতকোত্তর কোর্স

লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স ও লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (ডিজিটাল লাইব্রেরি)-র স্নাতকোত্তর কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: উভয় বিষয়ের ক্ষেত্রেই মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক ডিগ্রি।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে এম ফার্ম

**নিজস্ব প্রতিনিধি:** ফার্মাসি নিয়ে স্নাতকোত্তর পড়তে পারেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে। ২০২৬-২৭ শিক্ষাবর্ষে মাস্টার অব ফার্মাসিউটিক্স এবং মাস্টার অব ফার্মাকগনোসি কোর্সে ভর্তি নেবে এই বিশ্ববিদ্যালয়। আবেদন গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে।

প্রতিটি কোর্স চারটি সেমেস্টারে বিভক্ত। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নামের তালিকা প্রকাশিত হবে ২১ জুলাই। পরীক্ষা ২৬ জুলাই। ইন্টারভিউ ২৬ থেকে ২৮ জুলাই। ১০ অগস্ট থেকে ক্লাস শুরু হতে পারে। আগ্রহীরা আবেদন করুন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর অব ফার্মেসি ডিগ্রি। অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**আসনসংখ্যা:** ৩৪টি (দু'টি কোর্স মিলিয়ে)।

**কোর্স ফি:** প্রথম সেমেস্টারে ৪২,৭৬৯ টাকা, পরের তিনটি সেমেস্টারে ৪০,৬৬৯ টাকা করে।

**আবেদন করার শেষ তারিখ:** ১৯ জুলাই।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://www.nbu.ac.in/

## ব্যবহারিক ইংরেজির স্বল্পমেয়াদি সার্টিফিকেট কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** আন্তর্জাতিক ক্ষেত্রে সর্বাধিক বোধগম্য ভাষা ইংরেজি। ইংরেজি বলায় ও লেখায় সড়গড় হলে উচ্চশিক্ষা, চাকরি কিংবা ব্যবসা— সর্বত্রই সুবিধা হয়। কাজে উন্নতির পথও প্রশস্ত হয়।

যাদবপুর বিশ্ববিদ্যালয় স্বল্প সময়ে ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট কোর্স করাবে। এই প্রতিষ্ঠানের ফ্যাকাল্টি অব ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ, ল অ্যান্ড ম্যানেজমেন্টের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স এই কোর্সটির আয়োজক। আবেদনপত্রের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নাম প্রকাশিত হবে ২৭ জুলাই। ক্লাস শুরু হবে অগস্টের দ্বিতীয় সপ্তাহ থেকে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কোর্সের নাম:** ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ

**কোর্সের মেয়াদ:** ৬ মাস

**ক্লাসের সময়:** সপ্তাহে দু'দিন, প্রতি দিন বিকেল ৫টা থেকে সন্ধে ৭টা

**কোর্স ফি:** ৩,৬৬০ টাকা (জিএসটি-সহ)

**আবেদনের ফি:** ১০০ টাকা

**আবেদনের শেষ তারিখ:** ২০ জুলাই

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in/ খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

## পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স বা এমভিএসসি করা যাচ্ছে। ভর্তি নেওয়া হবে বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা ২২ জুলাই। মেধাতালিকা প্রকাশিত হবে ২৪ জুলাই। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**পড়া যাবে যেসব বিষয়:** ভেটেরিনারি অ্যানাটমি, ভেটেরিনারি ফিজিয়োলজি, ভেটেরিনারি প্যারাসাইটোলজি, ভেটেরিনারি বায়োকেমিস্ট্রি, ভেটেরিনারি প্যাথোলজি, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি, ভেটেরিনারি সার্জারি অ্যান্ড রেডিয়োলজি, অ্যানিম্যাল রিপ্রোডাকশন, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স, ভেটেরিনারি মেডিসিন, ভেটেরিনারি পাবলিক হেল্‌থ অ্যান্ড এপিডেমিয়োলজি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, ভেটেরিনারি ফার্মাকোলজি অ্যান্ড টক্সিকোলজি, অ্যানিম্যাল নিউট্রিশন, লাইভস্টক প্রোডাক্টস টেকনোলজি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট, ভেটেরিনারি এক্সটেনশন এডুকেশন, ভেটেরিনারি বায়োটেকনোলজি, পোলট্রি সায়েন্স।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রিতে স্নাতক।

**আসনসংখ্যা:** সব মিলিয়ে ১০৭টি।

**আবেদনের ফি:** ১,৫০০ টাকা। সংরক্ষিত শ্রেণির ক্ষেত্রে ১,২০০ টাকা।

**আবেদনের শেষ তারিখ:** ১৫ জুলাই।

**আবেদন করার পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.wbuafsce.org/ খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

## ক্লিনিক্যাল রিসার্চের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

ক্লিনিক্যাল ট্রায়ালসে স্পেশ্যালাইজেশন-সহ ক্লিনিক্যাল রিসার্চের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ট্রান্সলেশনাল হেলথ সায়েন্স অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট। এটি কেন্দ্রের সায়েন্স অ্যান্ড টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

আসনসংখ্যা: ১৫টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফার্মাসি বা লাইফ সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স বা পাবলিক হেল্‌থ বা নার্সিং বা ভেটেরিনারি সায়েন্স-এ স্নাতক পাশ। অথবা অ্যালোপ্যাথিক মেডিসিনে ব্যাচেলর্স ডিগ্রি পাশ। এছাড়া এম বি বি এস, বি এ এম এস, বি এইচ এম এস ও বি ডি এস পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

কোর্স ফি: সেমেস্টার প্রতি ৩১,০০০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮,৫০০ টাকা, ওবিসিদের ক্ষেত্রে ২৪,৭৫০ টাকা)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.thsti.in আবেদনের শেষ তারিখ ৯ অগস্ট।

ফি বাবদ দিতে হবে ৫৯০ টাকা (জিএসটি-সহ)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট অ্যান্ড কোঅপারেশনের এম বি এ কোর্স

ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট অ্যান্ড কোঅপারেশনের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ত্রিভুবন সহকারী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ২০২৫ ও ২০২৬ সালে আয়োজিত হওয়া সেন্ট্রাল ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট-পোস্ট গ্র্যাজুয়েট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট বা ক্যাট বা সিম্যাট বা গেট বা জিম্যাট বা জি আর ই পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tsu.ac.in

আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। দারিদ্রসীমার নীচে থাকা প্রার্থীদের কোনও ফি লাগবে না। প্রার্থী বাছাই ও আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ডি এল এড কোর্সে ভর্তি

*প্রথম পাতার পর*

আবেদন করা যাবে ১৭ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে এইসব নথি— প্রার্থীর ফটো, সই, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সমতুল, উচ্চমাধ্যমিকের মার্কশিট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট এবং ডোমিসাইল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে। প্রার্থীর আধার কার্ড থাকতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং ও বি সিদের ক্ষেত্রে ৭৫০ টাকা)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরগুলিতে: ৯৮৮৩৪৮০৬৬০, ৮৯০২০৮১২০১।

# উত্তর-পশ্চিম রেলে দক্ষ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৫৪ জন দক্ষ খেলোয়াড় নেবে উত্তর-পশ্চিম রেল। লেভেল-১, লেভেল-২/৩ এবং লেভেল-৪/৫ ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। নিয়োগ হবে রাজস্থানের জয়পুর, আজমের, যোধপুর ও বিকানেরে। এই নিয়োগের এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 03/2026 (NWR/Sports/Open Advt.)

নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: ব্যাডমিন্টন, সাইক্লিং, শুটিং, টেবিল টেনিস, অ্যাথলেটিক্স, বক্সিং, ক্রিকেট, হকি, পাওয়ারলিফটিং, ওয়েটলিফটিং, রেসলিং, বাস্কেটবল, হ্যান্ডবল, সুইমিং, ভলিবল, টেনিস, কবাডি।

**শূন্যপদের বিন্যাস:** লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে ৩৩টি, লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে ১৬টি, লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** লেভেল-৫ ক্যাটেগরির ক্ষেত্রে স্নাতক। সিগন্যাল মেইন্টেনার গ্রেড-১ পদের ক্ষেত্রে বি এসসি পাশ। লেভেল-৪ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক। জুনিয়র স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে দেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৫০ মিনিটে এবং হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে হবে। লেভেল ২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল। টেকনিশিয়ান গ্রেড-৩ পদের ক্ষেত্রে মাধ্যমিক-সহ আইটিআই কোর্স পাশ। শুধুমাত্র মাধ্যমিক বা সমতুল পাশ হলেও আবেদন করতে পারেন। লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে মাধ্যমিক বা আইটিআই কোর্স বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**খেলাধুলার যোগ্যতা:** লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে অলিম্পিক গেমসে (সিনিয়র) দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েল্‌থ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, থমাস কাপ বা উবের কাপ (ব্যাডমিন্টন)।

লেভেল-৩/২ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— অলিম্পিক গেমস (সিনিয়র), বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েল্‌থ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, থমাস কাপ বা উবের কাপ (ব্যাডমিন্টন), চ্যাম্পিয়নস ট্রফি (হকি), ডেভিস কাপ (টেনিস)। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েল্‌থ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি (ওয়ার্ল্ড রেলওয়েজ) চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র ক্যাটেগরি) প্রথম স্থান পেয়ে থাকতে হবে।

লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— অলিম্পিক গেমস (সিনিয়র); বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েল্‌থ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, থমাস কাপ বা উবের কাপ (ব্যাডমিন্টন), চ্যাম্পিয়নস ট্রফি (হকি), ডেভিস কাপ (টেনিস), কমনওয়েল্‌থ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি (ওয়ার্ল্ড রেলওয়েজ) চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপ (সিনিয়র ক্যাটেগরি)। অথবা, সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি বাদে) অষ্টম স্থান পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই ১-৪-২০২৪ তারিখ বা তার পরে খেলাধুলার নির্দিষ্ট যোগ্যতা অর্জন করে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলা ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টও নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcjaipur.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ১০ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবির মধ্যে), সই (২০ থেকে ৩০ কেবির মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা-সংক্রান্ত সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। ৩০-৬-২০২৬ তারিখের আগে তোলা ফটো চলবে না।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, সংখ্যালঘু ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ট্রায়ালে অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাষ্ট্রায়ত্ত সংস্থায় ইঞ্জিনিয়ার

বিভিন্ন শাখায় ৪২ জন ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ার নেবে প্রোজেক্টস অ্যান্ড ডেভেলপমেন্ট ইন্ডিয়া। এটি কেন্দ্রের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। সর্বাধিক ৩ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HR/71/26/01(Contract).

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ডিপ্লোমা ইঞ্জিনিয়ার:** সিভিল ২টি। ইলেক্ট্রিক্যাল ১টি। ইনস্ট্রুমেন্টেশন ২টি। মেকানিক্যাল-মেটিরিয়াল হ্যান্ডলিং ১টি। মেকানিক্যাল-পাইপিং ৪টি। মেকানিক্যাল-প্রেশার ভেসেল ১টি। প্রোসেস ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন— যে-কোনও একটিতে ডিপ্লোমা থাকতে হবে। প্রোসেস শাখার ক্ষেত্রে কেমিক্যাল বা মেকানিক্যাল শাখায় ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৭ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩১,০০০ টাকা।

**ডিগ্রি ইঞ্জিনিয়ার:** সিভিল ৪টি। সিভিল (কনস্ট্রাকশন) ২টি। ইলেক্ট্রিক্যাল ৪টি। হিউম্যান রিসোর্সেস ২টি। ইনস্ট্রুমেন্টেশন ৩টি। মেটিরিয়ালস ম্যানেজমেন্ট ১টি। মেকানিক্যাল-কনস্ট্রাকশন ২টি। মেকানিক্যাল-মেশিনারি ১টি। মেকানিক্যাল-মেটিরিয়াল হ্যান্ডলিং ২টি। মেকানিক্যাল-পাইপিং ২টি। মেকানিক্যাল-প্রেশার ভেসেল ২টি। প্রোসেস ৩টি। এসএসপি অ্যান্ড কিউসি অডিট ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** হিউম্যান রিসোর্সেসের ক্ষেত্রে এই সব বিষয়ের কোনও একটিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা— পার্সোনেল ম্যানেজমেন্ট, হিউম্যান রিসোর্স, পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার। অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা হিউম্যান রিসোর্স অন্যতম বিষয় হিসেবে পড়ে এমবিএ। মেটিরিয়াল ম্যানেজমেন্টের ক্ষেত্রে যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা, মেটিরিয়ালস ম্যানেজমেন্ট বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ। অথবা, মেটিরিয়ালস ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। এসএসপি অ্যান্ড কিউসি অডিটের ক্ষেত্রে কেমিস্ট্রিতে এম এসসি। বাকি সব পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। প্রোসেস শাখার ক্ষেত্রে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে স্নাতক ডিগ্রি থাকলে আবেদন করা যাবে। ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে এই সব বিষয়ে ডিগ্রি গ্রাহ্য হবে— ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন। সেই সঙ্গে সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৪৭,০০০ টাকা।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

৩০-৬-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: A-14, Sec-1, PDIL Bhawan, Noida.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pdilin.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ জুলাই পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা (তফসিলি ও আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ৪০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উচ্চ প্রাথমিকের অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের কাউন্সেলিং শুরু এ মাসেই

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যের সরকারি সহায়তাপ্রাপ্ত স্কুলগুলির উচ্চ প্রাথমিক স্তর তথা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য আয়োজিত ২০১৬-র প্রথম স্টেট লেভেল সিলেকশন টেস্টে (এসএলএসটি) সফল কিন্তু অপেক্ষমাণ তালিকায় থেকে যাওয়া প্রার্থীদের নতুন করে কাউন্সেলিং শুরু হতে চলেছে। স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের এ বছরের ২১ মে-র নির্দেশ অনুসারে কাউন্সেলিং আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। কমিশনার অব স্কুল এডুকেশনের পাঠানো শূন্যপদ অনুসারে, ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল স্কুল সার্ভিস কমিশনের অফিসে কাউন্সেলিং শুরু হবে ২১ জুলাই থেকে। আপাতত ১,১৭৭ জন অপেক্ষমাণ প্রার্থীর কাউন্সেলিং হবে বলে জানা গিয়েছে।

স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে, কাউন্সেলিংয়ের বিশদ সূচি জানিয়ে দেওয়া হবে। আগ্রহীরা নজর রাখবেন এই ওয়েবসাইটে: https://old.westbengalssc.com/sscorg/wbssc/home/

# রিলায়েন্স জিও-য় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা, বারাকপুর, ডায়মন্ড হারবার ও হাওড়ায় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ নেবে রিলায়েন্স জিও। ক্রেতা পরিষেবার চাকরি। সেলসের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। সংস্থার তরফে নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার কথা উল্লেখ করা হয়নি। গ্র্যাজুয়েটরা চাকরি পাওয়ার ব্যাপারে এগিয়ে থাকবেন। বিপণন প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান থাকতে হবে। চাকরি হবে জিও পয়েন্টে। গ্রাহকদের সঙ্গে যোগাযোগ রক্ষা ও গ্রাহকের সংখ্যা বৃদ্ধি, কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ পদের বিশেষ দায়িত্ব। আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.jio.com frmPointjob.aspx

# পূর্ব বর্ধমানে কমিউনিটি অডিটর

কমিউনিটি অডিটর পদে ৬৩ জনকে নেবে পূর্ব বর্ধমান জেলা গ্রামীণ উন্নয়ন সেল। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল স্টেট রুরাল লাইভলিহুডস মিশনে। ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশনের অন্তর্গত স্বনির্ভর গোষ্ঠীর মহিলা সদস্যরাই কেবল আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1103/DMMU/BDN.

**শিক্ষাগত যোগ্যতা:** কমার্স শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সব ক্ষেত্রেই বেসিক কম্পিউটার স্কিল (এমএস ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট) সার্টিফিকেট থাকতে হবে। বুককিপিং ও অ্যাকাউন্টিংয়ের কাজ সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। সেই সঙ্গে প্রার্থীকে স্বীকৃত কোনও স্বনির্ভর গোষ্ঠীর অন্তত ২ বছরের সদস্য হতে হবে এবং মেম্বার কোড থাকতে হবে। **বয়স:** ১-১-২০২৬ তারিখে ২৫ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। কমিউনিটি অডিটররা নিয়মানুসারে সাম্মানিক ও অন্যান্য ভাতা পাবেন। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৮০ নম্বর) ও ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ (২০ নম্বর), বেসিক ম্যাথমেটিক্স অ্যান্ড অ্যাকাউন্টিং (২০ নম্বর), জেনারেল ইংলিশ (২০ নম্বর), সঙ্ঘ সমবায় এবং স্বনির্ভর গোষ্ঠী সংক্রান্ত (২০ নম্বর) বিষয়ে। সময় ২ ঘণ্টা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://purbabardhaman.nic.in/ পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓১ কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

২৭ জুলাইয়ের মধ্যে দরখাস্ত জমা দিতে হবে সংশ্লিষ্ট বিডিও অফিস বা আনন্দধারা প্রকল্পের জেলা অফিসে রাখা নির্দিষ্ট বাক্সে।

# প্রতিরক্ষা দপ্তরে ১১৮০

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত সব ক'টি পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

**জুনিয়র ম্যানেজার (ইলেক্ট্রিক্যাল):** ১৮টি। **জুনিয়র ম্যানেজার (ইলেক্ট্রনিক্স):** ৩০টি। **জুনিয়র ম্যানেজার (মেকানিক্যাল):** ৯২টি। **জুনিয়র ম্যানেজার (মেটালার্জি):** ৮টি।

**শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**জুনিয়র ম্যানেজার (হিউম্যান রিসোর্সেস):** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে হিউম্যান রিসোর্সে এমবিএ। অথবা হিউম্যান রিসোর্সেস বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল সায়েন্স বা সোশ্যাল ওয়েলফেয়ার বা সোশ্যাল ওয়ার্কে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা।

**ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল):** ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় বি ই বা বি টেক। থ্রি ডি মডেলিং বা টু ডি ড্রাফটিং বা ইঞ্জিনিয়ারিং ডিজাইন ড্রয়িংয়ের কাজ জানা থাকলে অগ্রাধিকার।

**ডেপুটি ম্যানেজার (ইলেক্ট্রনিক্স):** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় বি ই বা বি টেক। ইলেক্ট্রনিক্সের আধুনিক প্রযুক্তি, সার্ভো ড্রাইভস ট্রান্সডিউসার্স অ্যান্ড সেন্সর, কমিউনিকেশন সিস্টেম, ইলেক্ট্রনিক সার্কিট ড্রয়িংয়ের কাজ জানা থাকলে অগ্রাধিকার।

**ডেপুটি ম্যানেজার (মার্কেটিং):** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে মার্কেটিং ম্যানেজমেন্টে এমবিএ।

এর মধ্যে দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২৫-৭-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে প্রতি মাসে ২৫,০৫০ টাকা, জুনিয়র ম্যানেজার পদের ক্ষেত্রে প্রতি মাসে ৩৪,৫০০ টাকা ও ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে প্রতি মাসে ৫৫,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং ট্রেড টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রথম পার্টে থাকবে ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকবে সংশ্লিষ্ট বিষয়ে ৫০ নম্বরের প্রশ্ন। মোট সময়সীমা ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://avnl.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৫ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিটের পর অ্যাপ্লিকেশন নম্বর-সহ অ্যাপ্লিকেশন স্লিপ ডাউনলোড করে নেবেন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে হবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।